কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ১৮ কলকাতা বুধবার, ১ ডিসেম্বর ২০২১/১ ১৫ অগ্রহায়ণ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ৩১৭ অফিসার

ট্রেনিং দিয়ে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায় কমিশন্ড অফিসার নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। শূন্যপদের সংখ্যা ৩১৭। ফ্লাইং শাখায় কিছু শূন্যপদ এন সি সি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমে নিয়োগের জন্য সংরক্ষিত থাকবে। প্রার্থী বাছাই করা হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (এ এফ সি এ টি)-০১/২০২২-এর মাধ্যমে। নিয়োগ হবে পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে। মহিলারা কেবল শর্ট সার্ভিস কমিশনের জন্য আবেদন করতে পারবেন। প্রশিক্ষণ শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে।

এ এফ সি এ টি এন্ট্রির মাধ্যমে ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে ট্রেনিং হবে ২১৩/২৩এফ/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১২/২৩ টি/পি সি/১০২ এ ই সি/ এম (পার্মানেন্ট কমিশন) এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ২১২/২৩ টি/এস এস সি/১০২ এ ই সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (নন- টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১২/২৩ জি/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ২১২/২৩জি/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। এন সি সি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমে ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১৩/২৩ এফ/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) কোর্সে এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২১৩/২৩ এফ/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে।

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ফ্লাইং শাখা:** এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট এন্ট্রি: শর্ট সার্ভিস কমিশন: ৭৭টি। এন সি সি স্পেশ্যাল এন্ট্রি: কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন এবং এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট পরীক্ষায় উত্তীর্ণদের জন্য মোট ২০ শতাংশ শূন্যপদ সংরক্ষিত হবে।

**গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখা: বিষয় অনুসারে শূন্যপদ:** অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স): পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ১৯টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৭৬টি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল): পার্মানেন্ট

এরপর তিনের পাতায়

## ব্যাঙ্ক অব বরোদায় অফিসার

সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার এবং ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার পদে ৫৪ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে পাঁচ বছরের চুক্তিতে। ভালো কাজের ভিত্তিতে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে।

**শূন্যপদের বিবরণ:** সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার: ৪টি। ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার নিয়োগ করা হবে কলকাতায় এবং ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার পদে নিয়োগ করা হবে মুম্বইয়ে।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। এর পাশাপাশি এন আই এস এম বা আই আর ডি এ থেকে রেগুলেটরি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। সেইসঙ্গে ১-১১-২০২১ তারিখ অনুসারে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে ওয়েলথ ম্যানেজমেন্ট বিভাগে রিলেশনশিপ ম্যানেজার হিসেবে সিনিয়র ক্যাটেগরির ক্ষেত্রে ২ বছরের এবং ই-ওয়েলথ ক্যাটেগরির ক্ষেত্রে দেড় বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের

এরপর তিনের পাতায়

### হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়ে

## অধ্যাপক

বিভিন্ন বিভাগে ৫২ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য এটি একটি বিশেষ নিয়োগ অভিযান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর UH/Rectt./Teaching/2021-01.

নিয়োগ করা হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সেস, ফিজিক্স, আর্থ, ওশান অ্যান্ড

এরপর তিনের পাতায়

## কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট পদে ৫০ জনকে নেবে ইন্ডিয়ান কোস্টগার্ড। জেনারেল ডিউটি, টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) ব্রাঞ্চ এবং কমার্শিয়াল পাইলট এন্ট্রিতে নিয়োগ করা হবে গ্রুপ 'এ' ক্যাটেগরিতে। মহিলারা কেবল কমার্শিয়াল পাইলট এন্ট্রিতে আবেদন করতে পারবেন। প্রশিক্ষণ দেওয়া হবে 02/2022 ব্যাচে।

ব্রাঞ্চ ও এন্ট্রি অনুসারে শূন্যপদের বিন্যাস: জেনারেল ডিউটি ৩০টি, কমার্শিয়াল পাইলট এন্ট্রি (শর্ট সার্ভিস অ্যাপয়েন্টমেন্ট) ১০টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল ডিউটি শাখার ক্ষেত্রে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও এই দুই বিষয়ে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট এন্ট্রি শাখার ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি অবশ্যই বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে।

টেকনিক্যাল: ইঞ্জিনিয়ারিং ৬টি, ইলেক্ট্রিক্যাল ৪টি। শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের সেকশন 'এ' এবং 'বি' পাশ। বিষয়গুলি হল— ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে: ন্যাভাল আর্কিটেকচার, মেকানিক্যাল, মেরিন, অটোমোটিভ, মেকট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, মেটালার্জি, ডিজাইন, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস। ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন,

এরপর দুয়ের পাতায়

## ডাক বিভাগে দক্ষ খেলোয়াড়

৬০ জন দক্ষ খেলোয়াড় নেবে ভারতীয় ডাক বিভাগ। বিহার পোস্টাল সার্কেলে নিয়োগ করা হবে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ এবং পোস্টম্যান পদে। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট ও মাল্টি টাস্কিং স্টাফ পোস্ট অফিস বা রেলওয়ে মেল সার্ভিস অফিসে নিয়োগ করা হবে। পোস্টম্যান নিয়োগ করা হবে রাজ্যের বিভিন্ন পোস্ট অফিসে। প্রথমে ২ বছরের প্রবেশন। পদ ও নিয়মানুসারে ট্রেনিং হবে। যাঁরা এর আগে ৮-৩-২০১৯ তারিখে প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী বিহার পোস্টাল সার্কেলের এই পদে আবেদন করেছিলেন, তাঁরা আর আবেদন করবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R &E/SPORTS QUOTA/VACANCY.

শূন্যপদের বিবরণ: পোস্টাল অ্যাসিস্ট্যান্ট: ৩১টি। সর্টিং অ্যাসিস্ট্যান্ট: ১১টি। পোস্টম্যান: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সব ক'টি পদের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিক, সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ২ মাস মেয়াদের বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। তবে উচ্চমাধ্যমিক বা উচ্চতর স্তরে কম্পিউটার অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকলে পৃথক কম্পিউটার কোর্স না করে থাকলেও চলবে। পোস্টম্যান

এরপর তিনের পাতায়

## বড়দিনের আগে শুরু করুন হোমমেড কেকের ব্যবসা

**শীতের আগমন মানে কেক-পেস্ট্রিরও চড়া বাজার। বড়দিন ও নববর্ষে এর চাহিদা হঠাৎই অনেকটা বেড়ে যায়। আজকাল অবশ্য বছরভরই বিশেষ দিন উপলক্ষে কেক কাটা রেওয়াজ। দোকানের কেকের বদলে এ ক্ষেত্রে অনেকেরই পছন্দ অর্ডার দিয়ে বানানো হোমমেড কেক। ঘরে বসে হোমমেড কেক-কুকিজের ব্যবসা আপনিও করতে পারেন। বেশ লাভজনক ব্যবসা। তবে প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। প্রশিক্ষণ দিচ্ছেন প্রতিষ্ঠিত কেক-প্রস্তুতকারীরাই।**



**নিজস্ব প্রতিনিধি:** শীত পড়তে শুরু করেছে। সামনের মাসেই বড়দিন। তার এক সপ্তাহের মধ্যে বর্ষবরণ। জাতি, ধর্ম নির্বিশেষে সকলে আমরা উৎসব পালন করব। এই সময় উৎসব মানেই কেক। ইতিমধ্যেই দোকানে দোকানে কেকের বিক্রি ক্রমবর্ধমান। তবে কেক খাওয়া এখন শুধু আর শীতকালে আটকে নেই। জন্মদিন, বিবাহবার্ষিকী, বিয়ে, সাফল্য— প্রায় সব অনুষ্ঠান উদ্‌যাপনেই কেক কাটা প্রথা হয়ে দাঁড়িয়েছে। বাজারেও তাই বিভিন্ন স্বাদের ও আকারের কেকের জোগান বেড়েছে। কয়েক বছর ধরে লক্ষ করা যাচ্ছে পরিচিত বেকারি চেন বা নামী সাবেকি দোকানের পাশাপাশি পাল্লা দিয়ে বাড়ছে হোমমেড কেকের ব্যবসাও। তার একটা বড় কারণ, ক্রেতা নিজের রুচি অনুযায়ী ও পছন্দসই উপকরণ দিয়ে এই কেক বানানোর অর্ডার দিতে পারেন। সেইসঙ্গে মান এবং শুদ্ধতাও এতে ঢের বেশি বজায় থাকে।



হোমমেড কেক, কুকিজ, ব্রেড বা পিজার ব্যবসা তাই অত্যন্ত

এরপর পাঁচের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**কর্মখালি**

### জেলাভিত্তিক স্থায়ী কাজ
প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co. ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-). M: 9051৭ 00042.

□

### জাহাজে ও ডকে স্থায়ী জব
WB Kol-L/C NO WB AL 70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 186 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 19750/- – 46,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা। Help: 83273-29779.

□

### প্রাঃ ব্যাঙ্ক DSA স্থায়ী ভাবে
WB. L/C No. Kol-50W85 পঃ বাংলার বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক ও Bank Office-সহ ব্যাঙ্ক DSA-এর জন্য 326 জন M/F বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-. এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা থাকবে। HELP: 83287-28134.

□

### আর্জেন্ট কাজের সুযোগ
পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-). M: 83278-79970.

□

### Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং
গঃভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

### Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব
**Govt. Reg. No-6987**
কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

**Axis, HDFC, বন্ধন ব্যাঙ্ক DSA-তে** নিজ জেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন: 15K-22K + PF, ESI, M: 94326-65439.

□

**সরাসরি ৭ দিনে চাকরি- গভঃ রেজিঃ নং:** 254/01. বেতন: 17,900/- – 39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV, ম্যানেজার, পিওন ব্যাঙ্ক ATM, টাওয়ার গার্ড, Ex-আর্মি, গানম্যান, মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co.-তে ছেলেমেয়ে সমস্ত সুবিধা। G. C. A, BBN 24 Pgs, M: 99335-27495 / 80136-07954. এজেন্ট স্বাগত।

□

**কর্মখালি**

### আল-আমীন মিশন
### খলতপুর, হাওড়া
### আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই
মিশনের বিভিন্ন শাখার জন্য বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই। এছাড়াও অ্যাকাডেমি ইনচার্জ (পুরুষ ও মহিলা), হস্টেলের জন্য সুপারিন্টেন্ডেন্ট, অ্যাকাউন্টেন্ট, স্পোকেন ইংলিশ টিচার এবং মওলানা চাই। ১০ দিনের মধ্যে দরখাস্ত জমা দিন অথবা ই-মেল করুন এই ঠিকানায়: আল আমীন মিশন, ৫৩ বি ইলিয়ট রোড, কলকাতা-৭০০০১৬। e-mail: gazi.alameen mission@gmail.com

□

### Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব
**Govt. Reg. No-6987**
কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

□

### ডাইরেক্ট জয়েনিং
Govt. R. No.: 6275 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্ক DSA-তে 135 জন M/F অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 14,700/- – 42,300/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রি। M: 95934-63109.

□

### স্টার হোটেলে 6-17,500/-
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
প্রতিটি জেলায় ব্যাঙ্ক DSA-তে Peon, CC TV, অপারেটর, টাওয়ার ও নার্সিং হোমে কর্মী নিয়োগ চলছে। বেতন: 14,800/- – 24,500/-, PF + ESI. M: 82760-13564.

□

### ডাইরেক্ট 5 দিনে স্পট জয়েনিং
গঃভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসে Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে 8ম/স্নাতক 225 জন কর্মী চাই। বেতন: 17,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। Ex আর্মী বিশেষ সুবিধা। M: 75518-78948.

□

### JOB VACANCY
লাইসেন্স নং - L 5207 বেতন: 16K-33K, বিনা ডোনেশনে Airport ও Metro-তে কন্ট্রাক্টরের অধীনে SV, PCE চেকিং/ট্রলিবয় SG পদে (৮ম-স্নাতক) নিয়োগ। UT, Dumdum, Kol-110. M: 96745-41585, 89026-42172.

---

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

### পাঠকের প্রতি
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


### DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


# আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড রোবোটিক্সে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৩২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে বেঙ্গালুরুর সেন্টার ফর আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড রোবোটিক্স। এটি কেন্দ্রীয় সরকারের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের অধীনস্থ একটি সংস্থা। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: CAIR/HRT/Apprentice/2021-22/01.

**আসনসংখ্যার বিবরণ:** শাখা ও বিষয় অনুসারে আসনসংখ্যা: কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি: ২৪টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ টেলিকম ইঞ্জিনিয়ারিং: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে বি ই বা বি টেক।

বয়স: ২০২১-এর নভেম্বরে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং প্রতিবন্ধী প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে ৯,০০০ টাকা।

তিন বছর আগে বি ই বা বি টেক পাশ করে থাকলে, এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে অথবা ১ বছরের বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in. এরপর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: http://rac.gov.in, http://drdo.gov.in. আবেদনের শেষ তারিখ ১০ ডিসেম্বর।

আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি: ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, ✓আধার কার্ড বা সরকার প্রদত্ত সচিত্র পরিচয়পত্র।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

# বিশাখাপত্তনম ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫

২৭৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে বিশাখাপত্তনমের ন্যাভাল ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিসেস স্কুল। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১, অ্যাপ্রেন্টিসেস (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০১৪ এবং অ্যাপ্রেন্টিসেস (অ্যামেন্ডমেন্ট) রুলস, ২০১৯ অনুসারে এক বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শুরু হবে ১ এপ্রিল থেকে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর DAS(V)/01/21.

ট্রেড অনুসারে আসনসংখ্যা: **ইলেক্ট্রিশিয়ান** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ইলেক্ট্রনিক্স মেকানিক** ৩৬টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ফিটার** ৩৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ইনস্ট্রুমেন্ট মেকানিক** ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **মেশিনিস্ট** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **পেইন্টার (জেনারেল)** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **রেফ্রিজারেটর অ্যান্ড এসি মেকানিক** ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **কার্পেন্টার** ২৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ফাউন্ড্রিম্যান** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **মেকানিক (ডিজেল)** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিট মেটাল ওয়ার্কার** ৩৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **পাইপ ফিটার** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট। ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে মেকানিক (রেডিও অ্যান্ড টিভি) সার্টিফিকেটধারীরাও আবেদনের যোগ্য।পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডে আই টি আই উত্তীর্ণরা আবেদন করবেন।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-২০০১ থেকে ১-৪-২০০৮ তারিখের মধ্যে। তফসিলিরা ৫ বছরের এবং প্রতিরক্ষাকর্মীদের সন্তানেরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি। ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা হবে ২৭ জানুয়ারি। পরীক্ষায় ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্স ও জেনারেল নলেজ বিষয়ে প্রশ্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউ ৩১ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। এরপর হবে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org. রেজিস্ট্রেশন করা যাবে ৫ ডিসেম্বর পর্যন্ত। রেজিস্ট্রেশনের পর দু'টি হল টিকিটের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**পূরণ করা হল টিকিটের সঙ্গে দেবেন:** ✓২ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটো ১ মাসের বেশি পুরনো হলে চলবে না। ফটোয় তারিখের উল্লেখ থাকতে হবে। ফটোদু'টি হল টিকিটের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করবেন। ✓চেক অফ লিস্টের প্রিন্ট আউট। ✓অ্যাপ্রেন্টিস প্রোফাইলের প্রিন্ট আউট। ✓শিক্ষাগত যোগ্যতা ও বয়সের যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা পাসপোর্ট বা রেশন কার্ড বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓নিজের নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো ২২×১০ সেমি মাপের একটি খাম। ✓কর্মরত সমরকর্মীদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্রের মূল কপি। ✓যথাযথ ভাবে পূরণ করা দু'টি হল টিকিট।

১৪ ডিসেম্বরের মধ্যে ডাকে প্রয়োজনীয় নথিপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge (for Apprenticeship), Naval Dockyard Apprentices School, VM Naval Base S.O., P.O., Visakhapatnam-530 014, Andhra Pradesh.

# চণ্ডীগড়ে ১১৬ স্টাফ নার্স

১১৬ জন স্টাফ নার্স (নার্সিং অফিসার) নেবে চণ্ডীগড়ের মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ দপ্তর। চুক্তিতে নিয়োগ করা হবে। প্রথমে তিন বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GMCH/HA-1/EA4/2021 29467-70.

**শূন্যপদের বিবরণ:** সাধারণ ৬৪, তফসিলি জাতি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ১৬, দৈহিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী-সাধারণ ৯, প্রাক্তন সমরকর্মী-তফসিলি জাতি ৫। **শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। অথবা বি এসসি নার্সিং বা সমতুল। পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের ৮০ ঘণ্টার আই সি টি স্কিল কোর্স পাশ করে থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ২৯,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gmch.gov.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ব্যাঙ্ক চালানের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। ব্যাঙ্ক চালানের প্রিন্ট আউট নিয়ে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটো সাঁটাবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

*প্রথম পাতার পর*

ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স। উচ্চমাধ্যমিকে ফিজিক্স এবং ম্যাথমেটিক্সে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের ডিপ্লোমা কোর্স পাশ।

ডিগ্রি কোর্সে তফসিলি প্রার্থীরা মোট নম্বরে ৫ শতাংশের ছাড় পাবেন।

বয়স: জন্মতারিখ হতে হবে জেনারেল ডিউটি ও টেকনিক্যাল শাখার ক্ষেত্রে ১-৭-১৯৯৭ থেকে ৩০-৬-২০০১-এর মধ্যে এবং কমার্শিয়াল পাইলট এন্ট্রির ক্ষেত্রে ১-৭-১৯৯৭ থেকে ৩০-৬-২০০৩-এর মধ্যে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা: কমার্শিয়াল পাইলট এন্ট্রির ক্ষেত্রে অন্তত ১৬২.৫ সেমি, বাকি শাখার ক্ষেত্রে অন্তত ১৫৭ সেমি। তফসিলি উপজাতি ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা নিয়মানুসারে উচ্চতায় ছাড় পাবেন। কমার্শিয়াল পাইলট এন্ট্রির ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। স্বাভাবিক শ্রবণ ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি: জেনারেল ডিউটি শাখার ক্ষেত্রে চশমা ছাড়া এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬, কমার্শিয়াল পাইলট এন্ট্রির ক্ষেত্রে এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য, টেকনিক্যাল শাখার ক্ষেত্রে উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ উভয় চোখে ৬/৬।

বেতন: প্রতি মাসে ৫৬,১০০ টাকা।

প্রার্থী যে-কোনও একটি ব্রাঞ্চের শূন্যপদেই আবেদন করতে পারবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে দু'দফার পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি টেস্টে থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন অ্যান্ড ডিসকাশন টেস্ট। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণদের বাছাই করা হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রিলিমিনারি পরীক্ষা জানুয়ারিতে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৮ ডিসেম্বর থেকে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in. দরখাস্ত করা যাবে ৬ ডিসেম্বর থেকে ১৭ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এগ্রিকালচারাল ইনশিওরেন্সে ম্যানেজমেন্ট ট্রেনি

বিভিন্ন বিভাগে ৩০ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে এগ্রিকালচারাল ইনশিওরেন্স কোম্পানি অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে এগ্রিকালচার সায়েন্সেস, ইনফর্মেশন টেকনোলজি, লিগ্যাল এবং অ্যাকাউন্টস বিভাগে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের পর অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগ করা হবে। নিয়োগের পর ১ বছরের প্রবেশন। প্রয়োজনে প্রবেশনের মেয়াদ আরও ৬ মাস বাড়তে পারে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর AIC/Rect/MT & Hindi Officer-2021-22/

**শাখা অনুসারে শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার সায়েন্সেসের ক্ষেত্রে এগ্রিকালচার বা হর্টিকালচারে বি এসসি। অথবা এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। এগ্রিকালচারে এম এসসি ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতকোত্তর ডিগ্রি।

লিগ্যালের ক্ষেত্রে আইনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।

অ্যাকাউন্টসের ক্ষেত্রে বি কম বা এম কম বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কোম্পানি সেক্রেটারি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১১-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: ট্রেনিং চলাকালীন প্রথম বছর প্রতি মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর প্রতি মাসে ৪২,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন এক্সামিনেশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি মাসে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল ও শিলিগুড়ি। পরীক্ষায় রিজনিং (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড কম্পিউটার লিটারেসি (২৫ নম্বর), সংশ্লিষ্ট শাখা (৩৫ নম্বর) এবং এসে রাইটিং, প্রেসি রাইটিং অ্যান্ড কম্প্রিহেনশন (২৫ নম্বর) বিষয়ে প্রশ্ন হবে। সময়সীমা আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aicofindia.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডাক বিভাগে দক্ষ খেলোয়াড়

*প্রথম পাতার পর*

পদের ক্ষেত্রে মাধ্যমিক স্তর পর্যন্ত অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে এবং দ্বি-চক্রযান বা লাইট মোটর ভেহিক্যাল চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

**মাল্টি টাস্কিং স্টাফ:** ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে।

যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ করা হবে সেগুলি হল: আর্চারি, অ্যাথলেটিক্স (ট্র্যাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), আটায়া-পাটায়া, ব্যাডমিন্টন, বল ব্যাডমিন্টন, বেস বল, বাস্কেট বল, বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার, বডি বিল্ডিং, বক্সিং, ব্রিজ, ক্যারম, চেস, ক্রিকেট, সাইক্লিং, সাইকেল পোলো, ডিফ স্পোর্টস, ইক্যুয়েস্ট্রিয়ান, ফেন্সিং, ফুটবল, গল্ফ, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, আইস হকি, আইস স্কেটিং, আইস স্কিইং, জুডো, কবাডি, ক্যারাটে, কায়াকিং অ্যান্ড কানোয়িং, খো খো, কুড়ো, মল্লাখাম্ব, মোটর স্পোর্টস, নেট বল, প্যারা স্পোর্টস, পেনক্যাক সিলাট, পোলো, পাওয়ার লিফটিং, শুটিং, শুটিং বল, রোল বল, রোলার স্কেটিং, রোয়িং, রাগবি, সেপাক টাকরো, সফট বল, সফট টেনিস, স্কোয়াশ, সুইমিং, টেবল টেনিস, তায়কোন্ডো, টেনি কোয়েট, টেনিস, টেনপিন বোলিং, ট্রায়াথলন, টাগ অব ওয়ার, ভলি বল, ওয়েট লিফটিং, উশু, রেসলিং, ইয়টিং, টেনিস বল ক্রিকেট।

**খেলাধুলার যোগ্যতা:** জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় স্তরের প্রতিযোগিতায় রাজ্যের স্কুলের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ন্যাশনাল ফিজিক্যাল এফিশিয়েন্সি ড্রাইভে জাতীয় স্তরে পুরস্কৃত হয়ে থাকতে হবে।

বয়স: ৩১-১২-২০২১ তারিখে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট ও পোস্টম্যান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে এবং মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা, পোস্টম্যান পদের ক্ষেত্রে ২১,৭০০-৬৯,১০০ টাকা, মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.indiapost.gov.in. পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ চালানের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে যে-কোনও কম্পিউটারাইজড পোস্ট অফিসে। ফি জমা দিয়ে পাওয়া চালানের অফিশিয়াল কপিটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ ডিসেম্বর।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓ ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এক কপি ফটো দরখাস্তের উপর সেঁটে এমন ভাবে সই করবেন, যাতে সই ফটো এবং দরখাস্ত উভয়ের উপরেই ছড়িয়ে থাকে। আর এক কপি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ফটোর পিছনে প্রার্থীর নাম-ঠিকানা লিখে দেবেন।

✓ ফি জমা দেওয়ার চালানের রসিদ। ই-পেমেন্টের মাধ্যমে ফি বাবদ জমা দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে যে-কোনও কম্পিউটারাইজড পোস্ট অফিসে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ ডিসেম্বর।

✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓ খেলাধুলার যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓ আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓ পূরণ করা আন্ডারটেকিং ফর্ম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: 'APPLICATION FOR RECRUITMENT TO THE POST OF POSTAL ASSISTANT / SORTING ASSISTANT / POSTMAN / MTS IN BIHAR POSTAL CIRCLE UNDER SPORTS QUOTA'. দরখাস্ত ৩১ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Director (Recruitment), 5th Floor, O/o the Chief Postmaster General, BIHAR Circle, PATNA - 800001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক *প্রথম পাতার পর*

অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস, কেমিস্ট্রি, বায়ো-কেমিস্ট্রি, প্ল্যান্ট সায়েন্সেস, অ্যানিম্যাল বায়োলজি, ইঞ্জিনিয়ারিং সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি, হেলথ সাইকোলজি, ইংলিশ, ফিলোজফি, তেলুগু, হিন্দি, উর্দু, অ্যাপ্লায়েড লিঙ্গুইস্টিক্স অ্যান্ড ট্রান্সলেশন স্টাডিজ, সংস্কৃত স্টাডিজ, ইকনমিক্স, হিস্ট্রি, পলিটিক্যাল সায়েন্স, অ্যানথ্রোপলজি, এডুকেশন, ফোক কালচার স্টাডিজ, ডান্স, ম্যানেজমেন্ট স্টাডিজ।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** শূন্যপদ ১৬টি (তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ৩)। **অ্যাসোসিয়েট প্রফেসর:** শূন্যপদ ৩১টি (তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৪, দৈহিক প্রতিবন্ধী ৬)। **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** শূন্যপদ ৫টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ২)।

**বয়স:** ৬৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://uohyd.ac.in. ফি বাবদ অনলাইনে দিতে হবে ও বি সি এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ১,০০০ টাকা, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। অনলাইন দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট ৩১ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা ক্যুরিয়রের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Registrar (Recruitment), Recruitment Cell, Room No: 221 (First Floor), Administration Building, University of Hyderabad, Prof. C R Rao Road, Gachibowli, Hyderabad-500046. India.

অনলাইন আবেদনের শেষ তারিখ-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক অব বরোদায় অফিসার *প্রথম পাতার পর*

ক্ষেত্রে স্থানীয় ভাষা ও সংশ্লিষ্ট এলাকার বিষয়ে জানা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০২১ তারিখে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৫ বছর এবং ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। সব ক্ষেত্রেই দৈহিক এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে পার্সোন্যাল ইন্টারভিউ এবং গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in দরখাস্তের শেষ তারিখ ৯ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, স্যালারি স্লিপ ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ৩১৭ অফিসার

*প্রথম পাতার পর*

কমিশনের ক্ষেত্রে ৭টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ২৭টি।

**গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল শাখা:** বিভাগ অনুসারে শূন্যপদ: অ্যাডমিনিস্ট্রেশন: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ১০টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৪১টি। অ্যাকাউন্টস: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৪টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ১৭টি। লজিস্টিক্স: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৮টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৩১টি।

**বয়স:** ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা ২৬ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। ২৫ বছরের কমবয়সিদের অবিবাহিত হতে হবে।

ট্রেনিংয়ের মেয়াদ ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ৭৪ সপ্তাহ এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ৫২ সপ্তাহ।

প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড ৫৬,১০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ফ্লাইং অফিসার পদে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://careerindianairforce.cdac.in, https://afcat.cdac.in. অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। এন সি সি ক্যাটেগরিতে আবেদনকারী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন দরখাস্ত-সংক্রান্ত কোনও প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০২০) ২৫৫০-৩১০৫/৬।


**MBBS**

**Ministry Of Health Of Russia**

**SMOLENSK STATE MEDICAL UNIVERSITY, RUSSIA**

**(101 YEARS OLD MEDICAL UNIVERSITY)**

**Invites Indian students for direct Government Admissions**

**Recognized by India, WHO, USA & UK, Min. Qual. 50% in XII in PCB**

**UNIVERSITY** - Founded in 1920, Smolensk city is 380 km west of Moscow. Very high standards of education, strict disciplinary system. **1500** Indian students (**650** Girls) studying, **167** got degree in **2021**, English Medium in all years, Closed type campus system, **8** attached hospitals (**6000** Beds). **MCI SCREENING TEST** – Our graduates of **2008** to **2020** have given **BEST** results among graduates of all foreign medical colleges (Official web sites of Indian Embassy, Moscow and National Board of Examination, New Delhi who conducts MCI Screening Test confirm this).

**SPECIAL HOSTELS ONLY FOR INDIAN STUDENTS (BEST HOSTELS IN RUSSIA)** 2 and 4 seated big rooms, separate hostels for boys and girls. **INDIAN MESS** - Mess with **Indian food** cooked by **Indian cooks**.

**Fee** (Tuition+Hostel+Med.Ins.) – **USD 6000** (Approx. Rs. 4,50,000/-) per year and one time payment of Rs.1,50,000/- (By Bank Draft only) which includes – Admission procedure, invitation letter, student visa, air ticket Delhi - Moscow.

**Scholarship to all Indian students.**

Bank loans from Indian banks are available.

Contact Foreign advisor to Chancellor: Dr Alok Aeron+79605805555(Russia)

**Official web site: www.sgmu.info DM us on insta: @sgmu.info**

**Admission details: admission2020.sgmu.live**

**INFORMATION CENTERS (Parents of Students or Our Graduates):**

**DR. BASU - 8100641077**



**गार्डन रीच शिपबिल्डर्स एण्ड इंजीनियर्स लिमिटेड**

**Garden Reach Shipbuilders & Engineers Limited**

(A Govt. of India Undertaking), Ministry of Defence

Regd and Corp Office: GRSE BHAVAN, 61, Garden Reach Road, Kolkata - 700 024

Web: www.grse.in (CIN: L35111WB1934GOI007891)

**এমপ্লয়মেন্ট বিজ্ঞপ্তি নং. ওএস: ০২/২০২১**

**আধিকারিক নিয়োগ**

জিআরএসই লিমিটেড প্রধান প্রতিরক্ষা শিপইয়ার্ডগুলির মধ্যে একটি এবং মিনি রত্ন ক্যাটাগরি-I কোম্পানি। এটি বিভিন্ন অত্যাধুনিক এবং স্টেট-অফ-দ্য-আর্ট যুদ্ধজাহাজ নির্মাণ করে দেশের প্রতিরক্ষা প্রস্তুতিতে কার্যকরভাবে অবদান রাখছে। কোম্পানি নীচে উল্লিখিত বিভিন্ন গ্রেডে আধিকারিক পদের জন্য যোগ্য, মেধাবী এবং উদ্যমী ভারতীয় নাগরিকদের থেকে আবেদন আহ্বান করছে:

**(১)** জেনারেল ম্যানেজার (ই-৭)-টেকনিক্যাল-০১টি পদ (ওবিসি) **(২)** ডেপুটি জেনারেল ম্যানেজার (ই-৫)-টেকনিক্যাল-০১টি পদ (এসটি) **(৩)** ডেপুটি জেনারেল ম্যানেজার (ই-৫)-টেকনিক্যাল/বেইলি ব্রিজ-০১টি পদ (এসসি) **(৪)** ডেপুটি জেনারেল ম্যানেজার (ই-৫)-টেকনিক্যাল (আইটি)-০১টি পদ (এসসি) **(৫)** ডেপুটি জেনারেল ম্যানেজার (ই-৫) [ফিক্সড টার্ম] - টেকনিক্যাল/(আইটি)-০১টি পদ (ইউআর) **(৬)** ম্যানেজার (ই-৩)-ফিনান্স-০১টি পদ (এসটি) **(৭)** ডেপুটি ম্যানেজার (ই-২)-মেডিক্যাল-০১টি পদ (ওবিসি) **(৮)** ডেপুটি ম্যানেজার (ই-২) [ফিক্সড টার্ম]-মেডিক্যাল-০১টি পদ (ওবিসি), পদটি পিডব্লুবিডি (ওএইচ)-এর জন্য সংরক্ষিত **(৯)** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ই১)-কোম্পানি সেক্রেটারি-০১টি পদ (ওবিসি) **(১০)** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ই১)-ফিনান্স - ০১টি পদ (ওবিসি) **(১১)** জুনিয়র ম্যানেজার (ই০)-এইচআর অ্যান্ড এ-০১টি পদ (ওবিসি) **(১২)** জুনিয়র ম্যানেজার (ই০)-টেকনিক্যাল (ইঞ্জি.)-০১টি পদ (এসটি)* **(১৩)** জুনিয়র ম্যানেজার (ই০)-টেকনিক্যাল (সিভিল ইঞ্জি.) -০১টি পদ (এসটি)*। **দ্রষ্টব্য:** * ক্রমিক নং. (১২) এবং (১৩) -তে জুনিয়র ম্যানেজার (টেক.) -এর ২টি পদের মধ্যে ১টি পদ পিডব্লুবিডি (ডিএইচ)-এর জন্য সংরক্ষিত। বিস্তারিত বিবরণ যেমন সাধারণ শর্তাবলী, যোগ্যতা, অত্যাবশ্যক যোগ্যতা, ন্যূনতম অভিজ্ঞতা, নির্বাচন প্রক্রিয়া, কিভাবে আবেদন করবেন ইত্যাদি **https://jobapply.in/grse2021** অথবা জিআরএসই ওয়েবসাইট **www.grse.in** -এর '**ক্যারিয়ার সেকশন**'-তে পাওয়া যাবে।

**(অনলাইন রেজিস্ট্রেশন খোলার তারিখ: ০৭ ডিসেম্বর ২০২১ এবং অনলাইন রেজিস্ট্রেশন বন্ধের তারিখ: ২৫ ডিসেম্বর ২০২১)।** প্রার্থীরা শুধুমাত্র অনলাইন মোডের মাধ্যমে আবেদন করবেন। অন্য কোনও পদ্ধতি/মোডে আবেদন জমা গৃহীত হবে না। **কোনও সংযোজনী/সংশোধনী শুধুমাত্র জিআরএসই ওয়েবসাইটে প্রকাশিত হবে।**

"In Pursuit of Excellence and Quality in Shipbuilding"

Visit us at: www.grse.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

**৩১ অক্টোবর-১০ নভেম্বর**

**৩১ অক্টোবর** বিজেপি থেকে পুরনো দল তৃণমূলে ফিরে এলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। আগরতলায় তৃণমূলের সভামঞ্চে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে দলে ফিরলেন তিনি। এ দিন প্রকাশ্য সভামঞ্চে রাজ্যের প্রাক্তন মন্ত্রীর বার্তা, বিজেপিতে গিয়ে তিনি যে ভুল করেছেন, তা যেন আর কেউ না করেন।

## জলবায়ু সম্মেলনে কার্বন নির্গমন কমানোর প্রতিশ্রুতি মোদীর



**১ নভেম্বর**: গ্লাসগোর সিওপি ২৬ জলবায়ু সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানালেন ২০৭০ সালের মধ্যে 'কার্বন নির্গমন' শূন্যে নিয়ে যাওয়ার লক্ষ্যপূরণ করবে ভারত। মোদী জানিয়েছেন, বিশ্বের জনসংখ্যার ১৭ শতাংশ ভারতের হলেও বিশ্বের কার্বন নির্গমনের মাত্র ৫ শতাংশের জন্য দায়ী ভারত। আর সেটাও ধাপে ধাপে কমিয়ে শূন্যে নিয়ে যাওয়া হবে। প্রধানমন্ত্রী জানিয়েছেন প্রথম ধাপেই ২০৩০ সালের মধ্যে কার্বন নির্গমন এক বিলিয়ন টন কমাবে ভারত। গ্লাসগো সম্মেলনের শুরুতে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন বলেন, পরিবেশ নিয়ে সচেতন হওয়ার চূড়ান্ত সময় এসে গিয়েছে। এখনও সচেতন না হলে পরবর্তী প্রজন্ম ক্ষমা করবে না।

**১ নভেম্বর** ভারত বায়োটেকের তৈরি কোভিড ভ্যাকসিন কোভ্যাক্সিনকে মান্যতা দিল অস্ট্রেলিয়া। সেদেশের প্রশাসনের প্রকাশিত মিডিয়া রিপোর্টে বলা হয়েছে, ভারত বায়োটেকের তৈরি কোভ্যাক্সিন এবং চিনের বিবিআইবিপি-কর্ভি ভ্যাকসিন নেওয়া থাকলে সেই পর্যটকদের টিকাপ্রাপ্ত হিসেবেই গণ্য করা হবে। ফলে, ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারান্টিনের কোনও প্রয়োজন নেই। তবে করোনা ভ্যাকসিন না পাওয়া ব্যক্তিদের ক্ষেত্রে কোয়ারান্টিনের নীতি বহাল থাকছে।

**২ নভেম্বর** রাজ্যের প্রাক্তনমন্ত্রী ও বর্ধমান উন্নয়ন পর্ষদের সভাপতি রবিরঞ্জন চট্টোপাধ্যায় (৮২) প্রয়াত হলেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক রবিরঞ্জনবাবুর মৃত্যুতে শোকবার্তা পাঠিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

**৩ নভেম্বর** দেশের যে সব জেলায় করোনার প্রথম ডোজের টিকাকরণের হার ৫০ শতাংশের নীচে, সেখানে বাড়ি-বাড়ি গিয়ে টিকা দেওয়ার উদ্যোগে জোর দিতে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশের করোনা পরিস্থিতি এবং টিকাকরণ নিয়ে রিভিউ মিটিংয়ের পর নরেন্দ্র মোদী জানান, ১০০ কোটি ডোজ হয়ে যাওয়ার পরে সামান্য ঢিলেমি দিলে নতুন বিপদ আসতে পারে। বাড়ি বাড়ি গিয়ে টিকা দেওয়ার উদ্যোগের পাশাপাশি টিকা নিয়ে একাংশের বিভ্রান্তি কাটাতে স্থানীয় ধর্মীয় নেতাদের সাহায্য নেওয়ার বার্তাও দেন প্রধানমন্ত্রী।

**লিটার প্রতি পেট্রল ও ডিজেলে যথাক্রমে** ৫ টাকা ও ১০ টাকা উৎপাদন শুল্ক কমানোর কথা ঘোষণা করল নরেন্দ্র মোদী সরকার। তেলের দাম আরও কমাতে তারা রাজ্যগুলিকে ভ্যাট কমানোরও আর্জি জানিয়েছে। উল্লেখ্য, প্রতি লিটার পেট্রল ও ডিজেলে রাজ্য সরকার যথাক্রমে ২৫% ও ১৭% ভ্যাট আদায় করে।

**ভারতে তৈরি কোভ্যাক্সিনকে ছাড়পত্র** দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। ভারত বায়োটেকের তৈরি করোনার এই ভ্যাকসিনকে জরুরি ভিত্তিতে প্রয়োগের অনুমোদন দিয়েছে হু। এর ফলে কোভ্যাক্সিন প্রাপকরা এবার বিদেশে গেলে আর কোয়ারান্টিন বা কোভিড-সংক্রান্ত নিষেধাজ্ঞার মুখে পড়বেন না। সেই সঙ্গে ভারতের তৈরি করোনার এই টিকা অন্য দেশেও রপ্তানি করা যাবে।

**৫ নভেম্বর** অরুণাচল প্রদেশে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) লাগোয়া এলাকায় ভারতীয় ভূখণ্ডের মধ্যেই চিন যে বসতি তৈরি করেছে সে কথা এবার আমেরিকা জানাল। কূটনৈতিক কারণেই হোক বা প্রতিরক্ষা সংক্রান্ত গোপনীয়তার স্বার্থে ভারত সরকার অবশ্য সে কথা স্বীকার করেনি। বরং সেনা সূত্রে দাবি করা হয়েছিল যে চিন তাদের নিজেদের এলাকাতেই বসতি গড়েছে। মার্কিন কংগ্রেসে সে দেশের প্রতিরক্ষা দপ্তর প্রতি বছর চিন-সংক্রান্ত একটি রিপোর্ট দেয়। এ বছরের রিপোর্টে বলা হয়েছে, ওই এলাকায় আগে চিনের একটি ছোট পোস্ট ছিল। কিন্তু ২০২০ সাল থেকে ছবিটা পাল্টেছে। অনেক ক্ষেত্রেই ভারতের জমিতে ঢুকে চিনারা নির্মাণ চালাচ্ছে। অরুণাচলেও সংশ্লিষ্ট এই এলাকাটিতেও ছোট একটি পোস্ট থেকে ছোটখাটো একটি বসতি গড়ে ফেলেছে তারা।



> "আমি মাও সে তুং-এর সময় থেকে কমিউনিস্টদের চিনি। তাঁদের ভাবনা ভালো। কিন্তু মাঝেমধ্যেই তাঁরা বেশি কড়াকড়ি করে ফেলেন।"
>
> **দলাই লামা**, *তিব্বতি শীর্ষ ধর্মীয় নেতা*
> চিনের কমিউনিস্ট পার্টি প্রসঙ্গে বলতে গিয়ে

**কলকাতা চলচ্চিত্র উৎসবের দিন** ঘোষণা করলেন রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী। ২৩তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব হতে চলেছে ৭ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি পর্যন্ত। অন্যদিকে, সল্টলেকের সেন্ট্রাল পার্কে ৩১ জানুয়ারি থেকে শুরু হচ্ছে কলকাতা বইমেলা।

**ছত্তিসগড়ের সুকমায় সেনাক্যাম্পের** মধ্যেই সহকর্মীরই একে-৪৭-এর গুলিতে প্রাণ গেল চার সিআরপিএফ জওয়ানের। এ দিন ভোররাতে রীতেশ রঞ্জন নামের ওই জওয়ানের এলোপাথাড়ি গুলিতে আরও তিন জওয়ান গুরুতর জখম হয়েছেন। ঘটনার পরই ঘাতক জওয়ানকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ।

**৬ নভেম্বর** কোভিডের আঘাত সামলে ভারতীয় অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে বলে নরেন্দ্র মোদী সরকার দাবি করলেও বিশিষ্ট অর্থনীতিবিদ কৌশিক বসু বিশ্ব ব্যাঙ্কের তথ্য তুলে ধরে দেখালেন, কোভিডের অনেক আগে, ২০১৬ সাল থেকেই নিম্নমুখী ভারতের জিডিপি (মোট জাতীয় উৎপাদন) বৃদ্ধির গ্রাফ। এক টুইট বার্তায় বিশ্বব্যাঙ্কের প্রাক্তন মুখ্য অর্থনীতিবিদ বলেন, 'প্রকৃত তথ্যকে অস্বীকার কোনও দেশের বড় ক্ষতি করতে পারে। ২০০০ সাল থেকে ভারতের জিডিপি বৃদ্ধির হার এতটাই ভালো ছিল যে বিশেষজ্ঞরা ভেবেছিলেন এশিয়ার সব দেশ তো বটেই, চিনকেও টেক্কা দেবে ভারত। কিন্তু ২০১৬ সাল থেকেই জিডিপি বৃদ্ধির হার ক্রমেই নিম্নমুখী। এই তথ্যই বুঝিয়ে দেয়, চাষি ও শ্রমিকদের সাহায্য না করলে চিত্র বদলাবে না।'

**ভারত পুরোপুরি পরিবেশবান্ধব** অর্থনীতিতে পরিণত হলে ২০৭০ সালের মধ্যে পাঁচ কোটিরও বেশি নতুন চাকরি সৃষ্টি হবে বলে জানাল ওয়ার্ল্ড ইকনমিক ফোরাম (ডব্লিউইএফ)। এক গবেষণা রিপোর্টে তারা জানিয়েছে, গ্রিনহাউস গ্যাসের নির্গমন শূন্যতে পৌঁছলে ২০৩০ ও ২০৭০ সালের মধ্যে ভারতের জিডিপি যথাক্রমে ১ লক্ষ কোটি মার্কিন ডলার এবং ১৫ লক্ষ কোটি ডলার বাড়বে। ডব্লিউইএফ জানিয়েছে, ভারতের জনসংখ্যা বাড়লেও মাথাপিছু গ্রিনহাউস গ্যাস নিগর্মন কম। পূর্বাভাস অনুযায়ী আগামী ২০২৫ সালের মধ্যে জনসংখ্যার নিরিখে চিনকে টপকে যাবে ভারত। তবে অনেক বিশেষজ্ঞই বলেছেন, ২০১৩ থেকে ২০৪০ পর্যন্ত বিশ্বের গড় জিডিপি বৃদ্ধির থেকে ভারতের জিডিপি-র উন্নয়ন বেশি হতে পারে।

**৭ নভেম্বর** আবুধাবিতে আয়োজিত টি-২০ বিশ্বকাপ থেকে বিদায় নিল ভারত। এদিন আফগানিস্তানকে ৮ উইকেটে নিউজিল্যান্ড হারিয়ে দিতেই ভারতের বিদায়ের পথ পরিষ্কার হয়ে যায়। ফলে নামিবিয়ার সঙ্গে নিয়মরক্ষার্থে ভারত শেষ ম্যাচটি খেলবে। গোটা টুর্নামেন্টেই বিশেষ করে গ্রুপের প্রথম দুটি অতি গুরুত্বপূর্ণ ম্যাচে টিম কম্বিনেশন নিয়ে ভারতের টিম ম্যানেজমেন্টকে প্রবল সমালোচনার মুখে পড়তে হয়েছে।

**৮ নভেম্বর** ভুয়ো রসিদে মধ্যস্থতাকারীকে ঘুষ দিয়ে রাফাল চুক্তি করার অভিযোগ সামনে এল। ফরাসি যুদ্ধ বিমান প্রস্তুতকারী সংস্থা দাসো প্রায় ৭৫ লক্ষ ইউরো (ভারতীয় মুদ্রায় প্রায় ৬৫ কোটি টাকা) ঘুষ দিয়ে ভারতকে ৩৬টি রাফাল যুদ্ধবিমান বিক্রির বরাত পেয়েছিল বলে দাবি করল ফরাসি পোর্টাল, 'মিডিয়াপার্ট'-এর সাম্প্রতিক রিপোর্ট। প্রায় ৫৯ হাজার কোটি টাকার রাফাল চুক্তিতে দুর্নীতির অভিযোগ তদন্ত করে দেখছে ফরাসি এই জার্নাল। মিডিয়াপার্টের আরও দাবি, ২০১৮ সালের অক্টোবরেই এই ভুয়ো রসিদের তথ্যপ্রমাণ সিবিআই ও ইডি-র হাতে থাকলেও রাফাল দুর্নীতি নিয়ে তদন্ত চালাতে রাজি হয়নি তারা। ফরাসি পোর্টালের এই রিপোর্টের ব্যাপারে সিবিআই বা ইডি কোনও প্রতিক্রিয়া দেয়নি।

**৯ নভেম্বর** বিরাট কোহলির পর ভারতের টি-২০ ক্যাপ্টেন হলেন রোহিত শর্মা। দেশের মাটিতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টি-২০ সিরিজের জন্য নির্বাচকরা এদিন দল বেছে নিলেন। কোচ রাহুল দ্রাবিড় ও ক্যাপ্টেন রোহিত শর্মার নতুন জুটি শুরু হল ভারতীয় ক্রিকেটে। টি-২০ বিশ্বকাপে হতাশাজনক পারফরম্যান্সের জন্য বিশ্রাম দেওয়া হয়েছে বিরাট কোহলি, রবীন্দ্র জাদেজা, জশপ্রীত বুমরা, মহম্মদ শামিকে।

**পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার রদবদল হল।** অর্থমন্ত্রী অমিত মিত্র দায়িত্ব ছাড়ায় রাজ্যের অর্থমন্ত্রকের দায়িত্ব নিজের হাতেই রাখলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে অমিত মিত্রকে মুখ্যমন্ত্রীর মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা হিসেবে নিয়োগ করা হয়েছে। চন্দ্রিমা ভট্টাচার্য প্রতিমন্ত্রী হিসেবে এই দপ্তরের অতিরিক্ত দায়িত্ব সামলাবেন। প্রয়াত সুব্রত মুখোপাধ্যায়ের জায়গায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রকের বাড়তি দায়িত্ব দেওয়া হয়েছে পুলক রায়কে।

**পশ্চিমবঙ্গের তথ্য কমিশনের সদস্য করা** হল প্রাক্তন অতিরিক্ত মুখ্যসচিব নবীন প্রকাশ ও রাজ্য পুলিশের প্রাক্তন ডিজি বীরেন্দ্রকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বৈঠক করে ওই দু'জনকে নির্বাচিত করেন। বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে বৈঠকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানালেও তিনি ওই বৈঠকে যোগ দেননি।

**আফগানিস্তান ইস্যুতে দিল্লিতে** আয়োজিত জাতীয় নিরাপত্তা উপদেষ্টা স্তরের আন্তর্জাতিক বৈঠকে যোগ দিতে অস্বীকার করল চিন। বৈঠকে ইরান, রাশিয়া ছাড়াও তাজিকিস্তান, কিরঘিজস্তান, কাজাখিস্তান, উজবেকিস্তান ও তুর্কমেনিস্তানের মতো দেশগুলি অংশ নিয়েছে। বৈঠকে পাকিস্তান ও চিনকেও আমন্ত্রণ জানানো হয়েছিল। কিন্তু দু'দেশই বৈঠকে থাকতে অস্বীকার করেছে। চিন জানিয়েছে, সময়সূচিগত সমস্যার কারণেই চিনের প্রতিনিধি বৈঠকে থাকতে পারছেন না। তবে বিশেষজ্ঞদের ধারণা পাকিস্তান না আসাতেই চিনও সরে গেল আলোচনা থেকে।

**রাফাল নিয়ে মিডিয়াপার্টের রিপোর্ট** নিয়ে কংগ্রেসকেই নিশানা করল বিজেপি। ফরাসি সংবাদমাধ্যমটি বলেছিল ভুয়ো রসিদে মধ্যস্থতাকারীকে যে টাকা দেওয়া হয়েছিল তা ২০০৭ থেকে ২০১১-র মধ্যেকার ঘটনা। কিন্তু তখন কেন্দ্রে ইউপিএ সরকার থাকায় ওই রিপোর্টকে হাতিয়ার করে প্রচার শুরু করল বিজেপি। বিজেপির মুখপাত্র সম্বিত পাত্র দাবি করেছেন, 'রাফাল দুর্নীতি হয়েছে ইউপিএ আমলেই। কিন্তু ২০১৯-এর ভোটের আগেই লাগাতার বিজেপি সরকারকে দুষেছে কংগ্রেস।'

## প্রয়াত সুব্রত মুখোপাধ্যায়



**৪ নভেম্বর**: বাংলার রাজনীতির অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব সুব্রত মুখোপাধ্যায় (৭৫) প্রয়াত হলেন। হৃদরোগে আক্রান্ত হয়ে এসএসকেএম হাসপাতালে মৃত্যু হল রাজ্য মন্ত্রিসভার প্রবীণতম মন্ত্রীর। সাতের দশকের শুরুতে কংগ্রেসি রাজনীতিতে প্রিয়রঞ্জন দাশমুন্সি, সোমেন মিত্র এবং সুব্রত মুখোপাধ্যায়ের উত্থান হয়েছিল প্রায় একই সময়ে। এই ত্রয়ীর প্রথম দুই কুশীলব আগেই প্রয়াত হয়েছেন। এদিন চলে গেলেন সুব্রত। সাতের দশকে সিদ্ধার্থশঙ্কর রায়ের জমানায় মাত্র ২৬ বছর বয়সে মন্ত্রী হন তিনি। ক্যাবিনেটে তিনিই ছিলেন রাজ্যের তরুণতম মন্ত্রী। সেই রেকর্ড আজও অমলিন। ২০০০ সালে কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দেন সুব্রত। ওই একই বছর কলকাতার মেয়র হন তিনি। ২০১১ বিধানসভা ভোটে জিতে তৃণমূল রাজ্যে ক্ষমতায় আসার পর থেকে রাজ্য মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন তিনি।

**২০২২ সালে ভারতে ৯.৩ শতাংশ বেতন** বৃদ্ধি হবে বলে জানাল পরামর্শদাতা ব্রোকিং সংস্থা উইলিস টাওয়ার্স ওয়াটসন। তাদের স্যালারি বাজেট প্ল্যানিং সক্রান্ত সাম্প্রতিক রিপোর্টে দাবি করা হয়েছে, ২০২২ সালে চিন, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর-সহ এশিয়ার দেশগুলির মধ্যে ভারতেই ন্যিভিয়ান বেতনবৃদ্ধির হার ৯.৩ শতাংশ হওয়ার জোরালো সম্ভাবনা রয়েছে। বিশেষজ্ঞদের দাবি, এই বৃদ্ধিকে সংখ্যায় রূপান্তর করলে আগামী ১২ মাসে ৩০ শতাংশ সংস্থাকে নতুন নিয়োগ বাড়াতেই হবে।

**১০ নভেম্বর** করোনার জন্য দু'বছর বন্ধ থাকার পর অবশেষে সাংসদ উন্নয়ন তহবিল বা এমপি ল্যাড ফান্ডের টাকা দেওয়ার ছাড়পত্র দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এদিন মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। চলতি অর্থবছরে প্রত্যেক সাংসদকে এই খাতে ২ কোটি টাকা করে দেওয়া হবে। ২০২২-২৩ অর্থবর্ষ থেকে দু'টি কিস্তিতে ৫ কোটি টাকা করে দেওয়া হবে বলে জানা গিয়েছে।

## মহারাষ্ট্রের কোভিড হাসপাতালে আগুন লেগে ১১ রোগীর মৃত্যু



**৬ নভেম্বর**: মহারাষ্ট্রের একটি কোভিড হাসপাতালে আগুন লেগে ১১ রোগীর মৃত্যু হল। সে রাজ্যের আহমেদনগরের একটি সিভিল হাসপাতালের আইসিইউ-তে আগুন লাগে। মৃত ১১ কোভিড রোগীর পাশাপাশি আহত তিন-চারজনের অবস্থাও গুরুতর, তাঁদের চিকিৎসা চলছে। শর্ট সার্কিট থেকেই দুর্ঘটনা বলে মনে করা হচ্ছে। মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে মৃতদের পরিবার পিছু ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা করেছেন।

## চার বিধানসভাকেন্দ্রের উপনির্বাচনে জয় তৃণমূলের



**২ নভেম্বর**: চার বিধানসভাকেন্দ্রের উপনির্বাচনে চারটিতেই জয় পেল তৃণমূল। খড়দহ, গোসাবা, দিনহাটা এবং শান্তিপুর এই চার কেন্দ্রের শেষ দুটি ছিল বিজেপি-র দখলে। উপনির্বাচনে তৃণমূলের জয়ীরা হলেন শোভনদেব চট্টোপাধ্যায়, উদয়ন গুহ, ব্রজকিশোর গোস্বামী এবং সুব্রত মণ্ডল। ঠিক ছ'মাসের ব্যবধানে এই কেন্দ্রগুলিতে ভোট হলেও চার কেন্দ্রের মধ্যে তিনটিতে বিজেপির জামানত বাজেয়াপ্ত হয়েছে।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পড়াশোনার পাশাপাশি ছোট ছোট কাজের অভিজ্ঞতা সঞ্চয় করতে পারলে ভালো



**শৌভিক চন্দ**
*ডিরেক্টর*
*কুয়েরেনশিয়া রিট্রিট (রিটেল চেইন সংস্থা)*
*প্রাক্তন স্টেট হেড, ইন্ডাসইন্ড ব্যাঙ্ক*

ইন্টারভিউয়ের জন্য নিজেকে ঠিক ভাবে তৈরি করা খুব কঠিন নয়। এই নিয়ে ভয় পাওয়ার কিছু নেই। এত বছর যেমন করে পরীক্ষার আগে পড়াশোনা করেছ, সেই অভ্যাসটাকেই একটু কাজে লাগাতে হবে। জোর দিতে হবে বিষয়গত পড়াশোনার দিকে বেশি।

ইন্টারভিউয়ের কিছু সাধারণ বিষয় থাকে। যেমন, সাম্প্রতিক ঘটনা, সাধারণ জ্ঞান, যে-পদের জন্য এসেছ, সেই কাজ সংক্রান্ত তথ্য, সংস্থা সম্পর্কে জ্ঞান— এগুলোকেই পাঠ্যবিষয় ধরে নিয়ে পড়শোনা করতে হবে। খবরের কাগজ, ইন্টারনেট, সংস্থার ওয়েবসাইট থেকেই এই তথ্যগুলো নিয়মিত চর্চা করে রপ্ত করে ফেলা যায়।

অতিমারির প্রকোপে বাড়িতে বসে পড়াশোনাই সম্বল ছিল এতদিন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ থাকায় শিক্ষক ও বন্ধুদের সঙ্গে মেলামেশার যে-প্রভাব থাকে ব্যক্তির সার্বিক বিকাশে সেটি থমকে গিয়েছিল। অনেক দিন বাড়ির পরিবেশে থাকার ফলে এক ধরনের আয়েসি মনোভাব চলে আসে, যার ছাপ পড়ে আমাদের শরীরে। চলাফেরা, বসার ধরনে প্রকাশ পায় এই আলসেমি, গা এলানো ধরন। সামান্য হলেও ইন্টারভিউয়ারের চোখ এড়াবে না এই দিকটি। এই সমস্যার



সমাধানও কঠিন নয়। এখন করোনা ভাইরাসের প্রাবল্য একটু কম। বাইরে হাঁটতে বা পারলে দৌড়োতে বেরোও। কয়েক দিন নিয়মিত শরীরচর্চা করলেই দেখবে আবার সতেজ ঝরঝরে অনুভূতি ফিরে আসবে। এমনিতেও নিয়মিত কিছুক্ষণ শরীরচর্চা খুব জরুরি শরীর ও মন দুইয়ের জন্যই। ইন্টারভিউয়ের প্রস্তুতির জরুরি অংশ এটি।

### প্রতিযোগীর সংখ্যা বাড়ছে

বহু মানুষের চাকরি গিয়েছে এই দু'বছরে। যারা নতুন নতুন চাকরি খোঁজা শুরু করেছে তাদের পাশে এই অভিজ্ঞ চাকরিপ্রার্থীদের সংখ্যাও অনেক। ফলে স্বাভাবিক ভাবেই প্রতিযোগিতা বেড়ে গিয়েছে। নতুন নতুন উপার্জনের উপায় যেমন তৈরি হচ্ছে, তেমনই পাল্লা দিয়ে বেকারত্ব বাড়ছে। বর্তমানের অর্থনৈতিক অবস্থা যে খুব একটা আশাপ্রদ নয় সেটাও আমরা সবাই মোটামুটি জানি। পড়াশোনাই একমাত্র হাতিয়ার টিকে থাকার জন্য। সেইসঙ্গে ছোট ছোট আংশিক সময়ের কাজের অভিজ্ঞতা সঞ্চয় করতে পারলে ভালো। আংশিক কাজের অভিজ্ঞতাকে প্র্যাক্টিক্যাল বা কর্মমুখী প্রশিক্ষণ আর পড়াশোনাকে থিওরিটিক্যাল প্রশিক্ষণ ধরে নিয়ে নিজের সামগ্রিক প্রস্তুতি নিতে হবে। নিয়মিত এই সব চর্চা তোমাকে আত্মবিশ্বাসী করে তুলবে। নিজের উপর বিশ্বাসটাই তোমাকে ভিড়ের মধ্যেও এগিয়ে রাখবে।

CA firm requires senior/ retired CA to join as partner
Email:
hr4cavacancy@gmail.com

## বড়দিনের আগে শুরু করুন হোমমেড কেকের ব্যবসা

*প্রথম পাতার পর*

লাভজনক। বিশেষ করে শীতের সময় তো বটেই। বাড়িতে বসেই ব্যবসাটি করতে পারেন। তবে প্রশিক্ষণ নেওয়া থাকলে-সুবিধা হবে। প্রতিষ্ঠিত অনেক হোমমেড কেক প্রস্তুতকারক নিজেরাই প্রশিক্ষণ দিয়ে থাকেন।

### ব্যবসার জন্য প্রয়োজন প্রচার ও লাইসেন্স

আপনি যে কেক বানানোর ব্যবসা করতে চান সে কথা প্রাথমিক ভাবে প্রচারের সবচেয়ে ভালো মাধ্যম হলেন আপনার পরিচিত বন্ধুবান্ধব এবং সোশ্যাল মিডিয়া। সেইসঙ্গে মনে রাখবেন, ব্যবসা করার জন্য পুর কর্তৃপক্ষের কাছ থেকে ট্রেড লাইসেন্স এবং সরকারি দপ্তর থেকে এফ এস এস এ আই-এর লাইসেন্স নিতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ওয়েবসাইটে এ ব্যাপারে বিশদ তথ্য পাবেন।

### যাঁরা প্রশিক্ষণ দেন



**রাজন্যা পাল নাগ**

গড়িয়ায় নিজের বাড়িতে কেক তৈরির প্রশিক্ষণ দেন রাজন্যা পাল নাগ। তাঁর সংস্থার নাম 'বেক শেক'। 'কোভিডের জন্য দূরত্ববিধি ও সব রকম নিয়ম মেনে অফলাইন প্রশিক্ষণ দিচ্ছি। একটি ক্লাসে আট থেকে দশ জনকে নেওয়া হচ্ছে। হাত ব্যবহার না করে বিভিন্ন টুল-এর মাধ্যমে কেক তৈরির প্রশিক্ষণ দেওয়া হচ্ছে'— বললেন রাজন্যা।

**কী কোর্স**: বেসিক, বেসিক টু সেমি অ্যাডভান্স, অ্যাডভান্স, ফনডেন্ট, ফ্রসটিং, ওয়েডিং কেক মেকিং ইত্যাদি বেশ কয়েকটি কোর্স আছে। বেসিক কোর্সের মেয়াদ দু'দিন, বাকি সবগুলোই তিন থেকে চার দিনের। সপ্তাহে এক দিন ক্লাস। 'কেক তৈরির ব্যাপারটা পুরোটাই হাতে-কলমে শিখতে হয়। রং, গন্ধ ঠিকমতো হল কিনা তা অনলাইনে বোঝা যায় না। সে জন্যই সপ্তাহে এক দিন ক্লাসে সশরীরে উপস্থিত থাকতেই হবে'— রাজন্যা জানালেন।

**কোর্স ফি**: নির্ভর করে কী ধরনের কেক তৈরি শিখছেন তার উপর। ন্যূনতম খরচ ১,৫০০ টাকা। প্রশিক্ষণের সময় ব্যবহৃত যাবতীয় উপকরণ বাবদ খরচ কোর্স ফিয়ের অন্তর্ভুক্ত। প্রশিক্ষণের সময় তৈরি কেক ছাত্রছাত্রীরা বাড়ি নিয়ে যান।

**কী শিখবেন**: শুধু কেক তৈরি নয়, রাজন্যা শেখান প্যাকিং থেকে ডেলিভারি পর্যন্ত পুরো পদ্ধতির খুঁটিনাটি, সেইসঙ্গে কী ভাবে হিসাব রাখতে হবে, কোথা থেকে উপকরণ কিনতে হবে ইত্যাদি। রাজন্যার সংস্থা সরকারি অনুমোদনপ্রাপ্ত। প্রশিক্ষণ শেষে সফল ছাত্রছাত্রীরা সার্টিফিকেট পান।

**কাজের সুযোগ**: রাজন্যা জানালেন, কলকাতার ছেলেমেয়েরা তো বটেই, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা, এমনকী বিহার, ঝাড়খণ্ড থেকেও অনেকে তাঁর কাছে প্রশিক্ষণ নিতে আসেন। অনেকেই লকডাউনের সময় কেক, পেস্ট্রি, কুকিজ এবং অন্যান্য বেকারির সামগ্রী তৈরি করা শিখে এখন ব্যবসা করছেন।'কোর্স শেষ হয়ে যাওয়ার পরও কেক তৈরি নিয়ে ছাত্রছাত্রীদের যাবতীয় প্রশ্ন এবং সমস্যার সমাধান করে দিই ফোন, হোয়াটসঅ্যাপ বা ভিডিও কলের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে', বললেন রাজন্যা।

প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি অর্ডার নিয়ে কেকও তৈরি করে রাজন্যার সংস্থা বেক শেক। রাজন্যা পাল নাগের সঙ্গে যোগাযোগ: ৮০১৭৮-৮৬৯০৯।



**শিবাণী আইচ**

কলকাতার উপকণ্ঠে সোদপুরে নিজের বাড়িতে কেক তৈরির প্রশিক্ষণ দেন সিমনস কেক-এর প্রতিষ্ঠাতা শিবাণী আইচ। অতিমারি পরিস্থিতিতে সব রকম বিধিবদ্ধ সতর্কতা নিয়েই তিনি ক্লাস করাচ্ছেন।

**কী কোর্স**: বেসিক এবং অ্যাডভান্স কোর্স ছাড়াও নানা ধরনের বেকিং কোর্সে প্রশিক্ষণ নেওয়া যায় তাঁর কাছে। এক দিনের কোর্স যেমন আছে, তেমনই দু'মাস মেয়াদের 'বেসিক টু অ্যাডভান্স' কোর্সও করানো হয়। দু'মাসের কোর্সের ক্ষেত্রে সপ্তাহে এক দিন করে মোট আটটি ক্লাস।

**কোর্স ফি**: কোর্সের মেয়াদ এবং ধরনের উপর নির্ভর করে।

**কী শিখবেন**: শিবাণী এক দিনে একটি ধরনের ছ'রকম কেক তৈরি শেখান। যেমন, এগলেস কেকের ছ'টা ধরন বা ছ'রকমের পেস্ট্রি। এছাড়া বিভিন্ন ধরনের কেকের ক্রিম তৈরি, কেক সাজানোর পদ্ধতি, তিন বা চার লেয়ারের ডেকোরেটিভ কেক তৈরি ইত্যাদিও শেখানো হয়। কেকের পাশাপাশি বিভিন্ন ধরনের ব্রেড তৈরি করতেও শেখান শিবাণী।

**কাজের সুযোগ**: পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে ছেলেমেয়েরা প্রশিক্ষণ নিতে আসেন শিবাণীর কাছে। কালনা, চাকদার মতো মফস্‌সল এলাকা থেকে এসেও প্রশিক্ষণ নিয়ে সফল ভাবে হোমমেড কেক, পেস্ট্রি, বিস্কুট ইত্যাদির ব্যবসা করছেন অনেকে। 'আগের থেকে এ ব্যবসার প্রতি আগ্রহ অনেকটাই বেড়েছে। সোদপুরের বাড়িতে আগে একটা ঘরেই কুলিয়ে যেত, ছাত্রছাত্রীর সংখ্যা বাড়তে থাকায় উপরের তলাতেও সেট-আপ তৈরির কথা ভাবছি'— জানালেন শিবাণী। সোদপুর ছাড়াও রাজ্যের বাইরে অসমেও তাঁর প্রশিক্ষণকেন্দ্র রয়েছে। কোর্স শেষ হয়ে যাওয়ার পরও যে-কোনও সমস্যায় ছাত্রছাত্রীরা শিবাণীর সঙ্গে যোগাযোগ করলে তিনি বিনামূল্যে পরামর্শ দেন।

শিবাণী নিজেও অর্ডার নিয়ে কেক তৈরি করেন। ব্যবসায় চাহিদা বাড়ার পর প্রশিক্ষণ দিতে শুরু করেছেন। বর্তমানে দূরের ছাত্রছাত্রী এবং হোমমেড কেক প্রস্তুতকারীদের সুবিধার জন্য যথাযথ দামে কেক তৈরির যাবতীয় উপকরণও বিক্রি করেন। যাঁরা দূরে থাকেন তাঁদের জন্য হোম ডেলিভারির সুযোগ রয়েছে। শিবাণী আইচের সঙ্গে যোগাযোগ: ৯৪৩৩৫-৮৪৩৩৫।



**পিঙ্কি ঘোষ**

চার বছর ধরে অর্ডার নিয়ে কেক, কুকিজ, পিজা ব্রেড ইত্যাদি বেকারির বিভিন্ন সামগ্রী তৈরি করেন পিঙ্কি ঘোষ। পাশাপাশি প্রশিক্ষণও দেন। তিনি নিজে কলকাতা ও বেঙ্গালুরুর বিভিন্ন কেক বেকিং স্কুলে কেক ও বেকারির বিভিন্ন সামগ্রী তৈরি করা শিখেছেন, বিভিন্ন অনলাইন ক্লাসেও প্রশিক্ষণ নিয়েছেন। মধ্যমগ্রামে নিজের বাড়িতেই তাঁর স্কুল— বেক অ্যান্ড ক্রিম বেকিং ক্লাস। কোভিড বিধি মেনেই ক্লাস করানো হয়।

**কী কোর্স**: বেসিক, অ্যাডভান্স, ওয়েডিং কেক মেকিং, ব্রাউনি ইত্যাদি বিভিন্ন কোর্স আছে। অনলাইন ও অফলাইন দু'ধরনের ক্লাসই করা যায়। তবে অফলাইন ক্লাস



করানোই পছন্দ পিঙ্কির। জানালেন—'কেক মেকিং বা বেকারির সামগ্রী তৈরির কাজ হাতে-কলমে দেখিয়ে না দিলে ঠিক মতো হয় না। বিশেষ করে বেক করার পর্বটা চোখের সামনে দেখা জরুরি।' পিঙ্কির সংস্থা সরকারি অনুমোদনপ্রাপ্ত। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেওয়া হয়।কোর্সের মেয়াদ বিভিন্ন কোর্সের ক্ষেত্রে বিভিন্ন। তবে ক্লাস হয় বেলা ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। মধ্যিখানে ত্রিশ মিনিটের বিরতি থাকে। শেখার যাবতীয় উপকরণ সংস্থাই সরবরাহ করে।

**কোর্স ফি**: কোর্স অনুযায়ী বিভিন্ন।

**কাজের সুযোগ**: পিঙ্কি জানালেন, হোমমেড কেক, কুকিজ, বেকারির সামগ্রীর চাহিদা বাড়ায় এই ব্যবসার প্রতি আগ্রহও বৃদ্ধি পেয়েছে। তাঁর কথায়—'আমার কাছে এ রাজ্যের বিভিন্ন জেলা এবং রাজ্যের বাইরে থেকেও শিক্ষার্থীরা আসেন। অনেকেই পুজো বা অন্য কোনও দীর্ঘ ছুটিতে কলকাতায় এসে শিখে যান। এক্ষেত্রে আগে থেকে তাঁরা ডেট বুক করে নেন।' তাঁর কাছে কাজ শিখে এখন অনেকেই সফল ভাবে হোমমেড কেকের ব্যবসা করছেন বলে জানালেন পিঙ্কি।

সার্টিফিকেট পেয়ে যাওয়ার পরেও বেকিংয়ের যে-কোনও সমস্যায় পিঙ্কি ফোনে বা হোয়াটসঅ্যাপে ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় পরামর্শ দেন। এজন্য কোনও ফি নেন না। শিক্ষার্থীদের জন্য— বিশেষ করে যাঁরা বাইরে থেকে অল্প সময় হাতে নিয়ে তাঁর কাছে কাজ শিখতে আসেন, তাঁদের জন্য পিঙ্কির কাছে যথাযথ দামে কেক তৈরির উপকরণও পাওয়া যায়। পিঙ্কি ঘোষের সঙ্গে যোগাযোগ: ০৮২৪০০-২১৯৪৯।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশের মাধ্যমে

# আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল

### মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতীয় সংবিধানের 35A ধারা কোন রাজ্যের সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) আসাম (b) পশ্চিমবঙ্গ (c) জম্মু ও কাশ্মীর (d) কর্নাটক
2. ভারী পাথরকে জলের ভিতর সহজেই ওপরে তোলা যায়— কোন সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়?
(a) ভাসনের সূত্র (b) আর্কিমিডিসের সূত্র (c) পাস্কালের সূত্র (d) হেয়ারের সূত্র
3. ভবানী নদী কার শাখানদী?
(a) কৃষ্ণা (b) কাবেরী (c) গোদাবরী (d) মহানদী
4. সুভাষচন্দ্র বসু কত সালে, কোথায় আজাদ হিন্দু ফৌজের পুনর্গঠন করেন?
(a) 1941 সালে, বার্লিনে (b) 1942 সালে, টোকিওতে (c) 1943 সালে, সিঙ্গাপুরে (d) 1943 সালে, রেঙ্গুনে
5. দ্বিতীয় শ্রেণির লিভারে ভার, দণ্ডের কোথায় থাকে?
(a) মাঝে (b) প্রান্তে (c) মাঝে ও প্রান্তে (d) কোনওটিই নয়
6. কোন রাজ্যে কয়ালি তৈল শোধনাগার অবস্থিত?
(a) আসাম (b) গুজরাট (c) মহারাষ্ট্র (d) ত্রিপুরা
7. জাতীয় মানবাধিকার কমিশনের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) কে জি বালকৃষ্ণণ (b) এ এস আনন্দ (c) জে এস ভার্মা (d) জাস্টিস রঙ্গনাথ মিশ্র
8. বিশ্ব ক্রিকেটে প্রথম টেস্ট ম্যাচ কোথায় খেলা হয়েছিল (1877)?
(a) ওভাল (b) লর্ডস (c) পার্থ (d) মেলবোর্ন
9. বুম বুম কোন বিখ্যাত খেলোয়াড়ের অপর নাম?
(a) শাহিদ আফ্রিদি (b) লোথার ম্যাথাউস (c) বরিস বেকার (d) এঁদের কেউই নন
10. অ্যাবেল পুরস্কার কত সাল থেকে দেওয়া শুরু হয়?
(a) 1892 সালে (b) 1894 সালে (c) 1896 সালে (d) 1897 সালে
11. রোশেনারা কোন রাজ্যের লোকউৎসব?
(a) ওড়িশা (b) ছত্তিশগড় (c) পাঞ্জাব (d) দিল্লি
12. GST কত নম্বর সংশোধনীতে বলা আছে?
(a) 100 (b) 101 (c) 102 (d) 103
13. জাতীয় উন্নয়ন পর্ষদ কাদের নিয়ে গঠিত হয়?
(a) প্রধানমন্ত্রী (b) সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী (c) পরিকল্পনা কমিশনের সদস্যরা (d) উপরের সবকটি
14. লৌহ মানবী কাকে বলা হয়?
(a) অরুণা আসফ আলি (b) দুর্গাবাই দেশমুখ (c) অ্যানি বেসান্ত (d) সরোজিনী নাইডু
15. জাতীয় শিল্প পরিষদ কবে গঠিত হয়?
(a) 1906 (b) 1910 (c) 1911 (d) 1920
16. কোন নদীর ধারে বিখ্যাত বদ্রীনাথ মন্দির অবস্থিত?
(a) অলকানন্দা (b) ভাগীরথী (c) মন্দাকিনী (d) গঙ্গা
17. অ্যাসকারিস বা গোলকৃমি পাওয়া যায়:
(a) মানুষের বৃহদন্ত্রে (b) মানুষের পাকস্থলীতে (c) মানুষের ক্ষুদ্রান্ত্রে (d) কোনওটিই নয়
18. 1857-র বিদ্রোহের সময়ে বেরিলির নেতা কে ছিলেন?
(a) খান বাহাদুর (b) কুনওয়ার সিং (c) মাওলি আহমেদ শাহ (d) ভারজিস কাদির
19. ভারতে বিচার বিভাগীয় সংস্থা কে স্থাপন করেছিলেন?
(a) লর্ড মেয়ো (b) লর্ড কর্নওয়ালিস (c) লর্ড অ্যাটলি (d) লর্ড কার্জন
20. নীচের কোন দ্বীপটি অগ্ন্যুৎপাতের ফলে সৃষ্টি হয়েছে?
(a) ব্যারেন (b) কার নিকোবর (c) লিটল নিকোবর (d) নর্থ আন্দামান
21. পঞ্চায়েতী রাজ অন্তর্ভুক্ত রয়েছে কোন তালিকায়?
(a) কেন্দ্রীয় তালিকা (b) রাজ্য তালিকা (c) সংযুক্ত তালিকা (d) কোনওটিই নয়
22. হাঁসের গমন অঙ্গের নাম কী?
(a) ফ্লিপার (b) প্যাডেল (c) লিপ্তপদ (d) ক্ষণপদ
23. ভ্যাকসিন কে আবিষ্কার করেন?
(a) পাস্তুর (b) মেন্ডেল (c) ফ্যারাডে (d) জেনার
24. ইন্ডিয়ান ন্যাশনাল আর্মির প্রথম কম্যান্ডার কে ছিলেন?
(a) রাসবিহারী বসু (b) মোহন সিং (c) সুভাষচন্দ্র বসু (d) নিরঞ্জন সিংভি
25. ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল কবে তৈরি হয়েছিল?
(a) 1948 (b) 1950 (c) 1951 (d) 1952
26. 'ব্লু ওয়াটার' নীতির সঙ্গে নীচের কে সংযুক্ত?
(a) ডে আলমিডিয়া (b) আলবুকার্ক (c) ডুপ্লে (d) রবার্ট ক্লাইভ
27. 'কোনি' চরিত্রটি কোন ঔপন্যাসিকের সৃষ্টি?
(a) মতি নন্দী (b) প্রেমেন্দ্র মিত্র (c) সমরেশ মজুমদার (d) এঁদের কেউই নন
28. পশ্চিমবঙ্গে বর্তমানে মোট ক'টি SEZ অঞ্চল আছে?
(a) 4টি (b) 5টি (c) 6টি (d) 8টি
29. MGNREGA কত সালে চালু হয়?
(a) 2004 (b) 2005 (c) 2006 (d) 2007
30. ভারতের ক্ষুদ্রতম Tiger Reserveটি কোথায় অবস্থিত?
(a) অন্ধ্রপ্রদেশ (b) মহারাষ্ট্র (c) মধ্যপ্রদেশ (d) ওড়িশা

**Direction (31 to 35):** *Sentences are given with blanks to be filled in with an appropriate word (s). Four alternatives are suggested for each question. Choose the correct alternative out of the four circle.*

31. The chairman is ill and well have to ____ the meeting for a few days.
(a) put on (b) put of (c) put away (d) put off
32. I do my work _____ carefully to make mistakes.
(a) so (b) very (c) too (d) more
33. The cat and the dog have a ____ enemy in the rat.
(a) same (b) common (c) Mutual (d) similar
34. He is very good ____ making stores.
(a) in (b) about (c) at (d) for
35. He told me that he ____ watching the movie.
(a) it finished (b) was finished (c) had finished (d) not finished

**Direction (36 to 40):** *Out of the four alternatives choose the one which best expresses the meaning of the given word and mark it in the answer sheet.*

36. Acquaint
(a) Arouse (b) Introduce (c) Appoint (d) Acquire
37. Change
(a) Alter (b) Renew (c) Review (d) Repeat
38. Request
(a) Ask (b) Please (c) Suggest (d) Offer
39. Foreboding
(a) Alarm (b) Forecast (c) Failure (d) Foresight
40. Gemine
(a) Good (b) Real (c) Attractive (d) Lovable

**Direction (41 to 45):** *Choose the word opposite in meaning to the given word and mark in the answer sheet.*

41. Demolish
(a) Shift (b) Build (c) Repeat (d) Hide
42. Genial
(a) Stupid (b) Stingy (c) Boorish (d) Unkind
43. Prevent
(a) Protect (b) Block (c) Hinder (d) Induce
44. Plausible
(a) Inplausible (b) Unplausible (c) Implausible (d) Displausible
45. Frailty
(a) Energy (b) Intensity (c) Vehemence (d) Strength

**Direction (46 to 50):** *Out of the four alternatives. Choose the one which can be substituted for the given words/sentence and indicate it by blackening the appropriate circle in the answer sheet.*

46. Scale used for measuring the strength of an earthquake:
(a) Celsius (b) Newtons (c) Richter (d) Linear
47. Something kept as a reminder of an event:
(a) Trophy (b) Souvenir (c) Prize (d) Antique
48. One who practises one of the fine arts:
(a) Painter (b) Artist (c) Designer (d) Architect
49. Found all over the world:
(a) International (b) Universal (c) Regional (d) Provincial
50. Ageneral Pardon of offenders:
(a) Parley (b) Amnesty (c) Parole (d) Acquittal

**Direction (51 to 55):** *Groups of four words are given in each group, one word is correctly spelt. Find the correctly spelt word and mark your answer in the Answer Sheet.*

51. (a) Dilemma (b) Dailemma (c) Dilema (d) Delemma
52. (a) Irrepairable (b) Irreparrable (c) Irreparable (d) Irepairable
53. (a) Homogeneous (b) Homoganeous (c) Homageneous (d) Homogenus
54. (a) Genarator (b) Generator (c) Generater (d) Genorator
55. (a) Privilage (b) Privilege (c) Previ lege (d) Previlage

**Direction (56 to 60):** *Fill in the blanks with correct word.*

56. It is said that familiarity _____ comtempt.
(a) develops (b) breeds (c) creates (d) grows
57. He has an _____ of importance.
(a) air (b) hair (c) attitude (d) aptitude
58. The politician _____ the newspaper for slander.
(a) charged (b) accused (c) maligned (d) sned
59. The notorious criminal ____ arrest for a long time.
(a) eluded (b) alluded (c) exaped (d) absçonded
60. The accused made a ____ breast of his crime.
(a) clear (b) clean (c) simple (d) genuine

**উত্তর**

1(c), 2(b), 3(b), 4(c), 5(a), 6(b) 7(d), 8(d), 9(c), 10(d), 11(d), 12(b), 13(d), 14(b), 15(a), 16(a), 17(c), 18(a), 19(b), 20(a), 21(b), 22(c), 23(d), 24(b), 25(c), 26(a), 27(a), 28(b), 29(c), 30(b), 31(d), 32(c), 33(b), 34(c), 35(c), 36(b), 37(a), 38(b), 39(a), 40(b), 41(b), 42(c), 43(d), 44(c), 45(d), 46(c), 47(b), 48(b), 49(b), 50(b), 51(a), 52(c), 53(a), 54(b), 55(b), 56(b), 57(a), 58(a), 59(a), 60(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

## সাধারণ মানসিক দক্ষতা

গত ১০ নভেম্বর সংখ্যার পর

22. সুমনের উচ্চতা অরুণের চেয়ে বেশি। রমেশ ও সুমনের উচ্চতা সমান। দীনেশ সুমনের চেয়ে উচ্চতায় বেশি। নীচের কোন তথ্যটি সঠিক?
(a) রমেশ = সুমন > দীনেশ > অরুণ (b) অরুণ > দীনেশ > সুমন = রমেশ (c) সুমন > দীনেশ > রমেশ = অরুণ (d) দীনেশ > সুমন = রমেশ > অরুণ
23. নীচের কোন অক্ষরটি প্রথমে বসালে প্রতিটি নতুন শব্দ তৈরি হবে?
ORD ALK IRE HEN
(a) T (b) W (c) L (d) H
24. নীচের কোনটি অন্যগুলোর থেকে আলাদা?
(a) 221 – 212 (b) 331 – 322 (c) 441 – 432 (d) 551 – 543
25. যদি a × k = 11, c × k = 33, তাহলে e × k = কত হবে?
(a) 22 (b) 66 (c) 44 (d) 55
26. DENALNG অক্ষরগুলি সাজালে একটি দেশের নাম পাওয়া যাবে। তার শেষ অক্ষরটি কী হবে?
(a) G (b) L (c) D (d) N
27. '?' স্থানে কোন সংখ্যাটি বসবে?




(a) 38 (b) 36 (c) 35 (d) 30
28. বিনয় ও রবীন বাড়ি থেকে একজন পূর্বদিকে ও একজন পশ্চিমদিকে হাঁটতে শুরু করে। দু'জনে 200 মিটার হাঁটার পর বিনয় ডানদিকে আর রবীন বাঁদিকে আরও 50 মিটার হাঁটে। এখন বিনয় ও রবীনের দু'জনের মধ্যে দূরত্ব কত?
(a) 600 মিটার (b) 300 মিটার (c) 400 মিটার (d) 500 মিটার
29. নীচের চারটি বিকল্পের মধ্যে তিনটি একই সম্পর্কযুক্ত। কোন বিকল্পটি আলাদা?



(a) (b) (c) (d)

30. ইংরেজি অভিধান অনুযায়ী প্রথম থেকে শেষ সাজান:
1. Communal 2. Common 3. Command 4. Comment 5. Commerce
(a) 3, 2, 1, 4, 5 (b) 5, 2, 3, 4, 1 (c) 3, 4, 5, 2, 1 (d) 1, 2, 3, 4, 5
31. নীচের সিরিজে থেকে কতবার com শব্দটি আছে?
pacombcoadcomopcomlacoubcomnokrtc
(a) 5 (b) 6 (c) 3 (d) 4
32. যদি ANYTHING = 2 : 6, SOMETHING = 3 : 6, হয় তবে EVERYTHING = কী হবে?
(a) 2 : 7 (b) 5 : 6 (c) 4 : 6 (d) 3 : 7
33. ? স্থানে কোন প্রতীকটি আসবে?




(a) ★ (b) ▮ (c) ✚ (d) ▲
34. একটি লাইনে মোট 27 জন দাঁড়িয়ে আছেন। অরিন্দম শুরু থেকে একাদশ স্থানে দাঁড়িয়ে আছেন। লাইনের শেষের দিক থেকে কততম স্থানে দাঁড়িয়ে আছেন?
(a) 18 (b) 17 (c) 13 (d) 15
35. ফাঁকা ঘরগুলিতে কোন লেটার সেটটি বসলে সিরিজটি ক্রমানুসারে সম্পূর্ণ হবে?

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| x | | n | | | y | n | | x | y | | z |

(a) xmnmn (b) mxmnm (c) yzxzn (d) mnxnm
36. নীচের টেবিলে ইংরেজি অক্ষরগুলি পরীক্ষার সেন্টারে কোড হলে মোট কতগুলি সেন্টারের উল্লেখ রয়েছে?

| | | | |
|---|---|---|---|
| A54043 | P80605 | L54705 | D41313 |
| D80112 | C40715 | P35351 | F87509 |
| A71307 | S54125 | A85716 | C33303 |
| E88514 | P32843 | D85867 | P52478 |
| P44143 | E73312 | A60334 | K80477 |
| F80789 | A84525 | L41533 | P51523 |

(a) 11 (b) 8 (c) 9 (d) 10
37. যদি কোনও বিশেষ কোডে DIGHA = EJHIB, PURI = QVSJ লেখা হয় তবে SAGAR = কী লেখা হবে?
(a) TDJGX (b) TDJFB (c) TBHBS (d) TBJBT
38. জয়ার বয়স সুমনার অর্ধেক। সোমা আর সুমনা সমবয়সী। সোমার বয়স এখন 30 বছর। তাহলে জয়ার বয়স কত?
(a) 18 বছর (b) 16 বছর (c) 15 বছর (d) 14 বছর
39. নীচের চারটি বিকল্পের মধ্যে একটি আলাদা সম্পর্কযুক্ত, সেটি নির্বাচন করুন:



(a) (b) (c) (d)

40. নীচের বাঁদিকের ছবিটি পরস্পর সম্পর্কযুক্ত, ঠিক একইভাবে সঠিক সম্পর্কযুক্ত ডানদিকের ছবিটির বিকল্প নির্বাচন করুন।




(a) (b) (c) (d)

এরপর সাতের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কলকাতা পুলিশে সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত ১০ নভেম্বর সংখ্যার পর*

17(b): ধরি, দুধের পরিমাণ = 100 লিটার
প্রতি লিটার দুধের মূল্য = 1 টাকা ∴ 100 লিটার দুধের মূল্য = 100 টাকা
লাভ = 35 টাকা ∴ মোট মিশ্রণের পরিমাণ = 135 লিটার
জলের পরিমাণ = 135 − 100 = 35 লিটার
∴ দুধ ও জলের অনুপাত = 100 : 35 = 20 : 7.

20(c): প্রশ্নানুসারে, ধরি বড় সংখ্যাটি = x
ছোট সংখ্যাটি = y ∴ $\frac{30(x+y)}{100} = \frac{40(x-y)}{100}$
বা, 30x + 30y = 40x − 40y বা, 10x = 70y বা, $\frac{x}{y} = \frac{70}{10}$ ∴ x : y = 7 : 1.

21(c): ক্রয়মূল্য = $80 \times \frac{100}{125} = 64$ টাকা।

27(d): E G I J L N O Q S T V X
(E → G → I: +2 +2; J → L → N: +2 +2; O → Q → S: +2 +2; T → V → X: +2 +2)

30(d): $b^2 = a \times c$ বা, $b^2 = \frac{1}{4} \times \frac{1}{36}$ ∴ $b = \frac{1}{2} \times \frac{1}{6} = \frac{1}{12}$

35(b): প্রথমবার ক্রমান্বয়িক ছাড় $\left(10 + 20 - \frac{10 \times 20}{100}\right)\% = (30 - 2)\%$
= 28%
দ্বিতীয়বার 28% ও 30% ছাড়ের সমতুল্য ছাড় = $\left(28 + 30 - \frac{28 \times 30}{100}\right)\%$
= (58 − 8.4)% = 49.6%.

36(d): A > B, C > D সেইসঙ্গে B ≥ C
∴ বলা যায় A > B ≥ C > D ∴ সবচেয়ে লম্বা A.

41(b):



42(a): সংখ্যাগুলির পজিশনকে যোগ করা হয়েছে। যেমন—
T O M = 20 + 15 + 13 = 48
HARRY = 8 + 1 + 18 + 18 + 25 = 70.

43(d): কারণ Iটি vowel কিন্তু বাকিগুলি Consonant.

45(c): Pity : Kindness.

46(b): 
কারণ সব বাঙালি ব্রাহ্মণ হয়, বাঙালি এবং সব বাঙালিই ভারতীয়।

47(a): বৃত্তের পরিধি = 2πr
2πr = 44, $r = \frac{44 \times 7}{22 \times 2} = 7$
বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2 = \frac{22}{7} \times 7 \times 7 = 154$ বর্গসেমি।

55(d): 2 × 5 × 1 = 10, 7 × 2 × [3] = 42, 4 × 3 × 6 = 72

56(b):

| R | E | S | C | U | E | |
|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | |
| 3 | 7 | 2 | 0 | 5 | 7 | |
| P | R | O | B | L | E | M |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 9 | 3 | 4 | 8 | 1 | 7 | 6 |
| P | R | O | C | U | R | E |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 9 | 3 | 4 | 0 | 5 | 3 | 7 |

57(d): $x \times \frac{20}{100} \times \frac{15}{100} = 15$ ∴ $x = \frac{15 \times 100 \times 100}{20 \times 15} = 500.$

58(d): মানুষের খুলি 8টি ক্রেনিয়াল হাড় এবং 14টি ফেসিয়াল হাড় দ্বারা গঠিত।

60(c): 65 লিটার মিশ্রণে দুধ আছে = $65 \times \frac{10}{13} = 50$ লিটার
জল আছে = $65 \times \frac{3}{13} = 15$ লিটার
ধরি, x লিটার জল মেশাতে হবে
$\frac{50}{15 + x} = \frac{8}{5} \Rightarrow 120 + 8x = 250 \Rightarrow x = \frac{130}{8} = 16\frac{1}{4}$ লিটার।

61(b): Illness → Doctor → Consultation → Treatment → Recovery
ii iii i iv v

62(d): ধরি x দিয়ে গুণ করতে হবে
∴ $\sqrt{\frac{841}{2015}} \times x = 1 \Rightarrow \frac{29x}{45} = 1 \Rightarrow x = \frac{45}{29}$.

64(d): পাশাপাশি দু'টি সংখ্যার পার্থক্য 2 করে বাড়বে
∴ শেষ সংখ্যাটি হবে = 132 + (132 − 110) + 2 = 156.

67(b): $\sqrt{165 + \sqrt{11 + \sqrt{25}}} = \sqrt{165 + \sqrt{11 + 5}} = \sqrt{165 + \sqrt{16}}$
$= \sqrt{165 + 4} = \sqrt{169} = 13.$

68(c): আসল (P) = 150, সুদাসল = 222 টাকা
সুদ (I) = 222 − 150 = 72 টাকা, সুদের হার (r) = 12%
সময় (t) = $\frac{100 \times I}{Pr} = \frac{100 \times 72}{150 \times 12}$ বছর = 4 বছর।

69(a): P − M = P, M-এর ভাই, M + N = M, N-এর মা
N × Q = N, Q-এর ভাগনি
∴ P − M + N × Q-এর মানে P, Q-এর মামা।

72(d): R-এর ঠিক আগে M এবং ঠিক পরে K আছে 2টি।

73(a): M N Q P O
↑ ↑ ↑ ↑ ↑

74(d): ধরি, 11 ইনিংসে শচিনের গড় = x
শর্তানুসারে, 11x + 120 = 12 (x + 5)
⇒ 11x + 120 = 12x + 60
∴ x = 120 − 60 = 60
∴ এখন শচিনের নতুন গড় = 60 + 5 = 65.

81(d): ধরি, মেয়ের বয়স = x বছর, বাবার বয়স = 4x বছর
শর্তানুসারে, 4x + 5 = (x + 5) × 3 বা, x = 10
বাবার বয়স = 4 × 10 = 40 বছর
আরও 5 বছর পর বাবার বয়স = (x + 5 + 5) = (40 + 10) বছর
মেয়ের বয়স = (10 + 5 + 5) = 20 বছর
∴ বাবার বয়স মেয়ের বয়সের = $\frac{50}{20} = 2.5$ গুণ।

82(d): উভয় বিষয়ে পাশ করেছে = 100 − (52 + 42 − 17) = (100 − 77)%
= 23%.

83(c):


∴ 70 : 30 = 7 : 3.

84(a): $\frac{A}{B} \times \frac{B}{C} \times \frac{C}{D} = \frac{2}{5} \times \frac{5}{7} \times \frac{3}{10} = \frac{1}{7}$, A : D = 1 : 7.

85(b): অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}} = \frac{44 \times 11}{11} = 44$

86(d): FILES শব্দটি গঠন করা যাবে না। কারণ মূল শব্দে E বর্ণটি নেই।

88(a): 8, 10, 12-এর ল.সা.গু. = 120 ∴ 120 × 3 = 360.

89(a): ধরি, ট্রেনের দৈর্ঘ্য = x মিটার
∴ x মিটার যায় 21 সেকেন্ডে, (x + 473) মিটার যায় 64 সেকেন্ডে
473 মিটার যায় = (64 − 21) = 43 সেকেন্ডে
∴ 21 সেকেন্ডে যায় = $\frac{473 \times 21}{43} = 231$ মিটার।

90(d): $M_1 D_1 = M_2 D_2$, $24 \times 20 = 40 \times D_2$
∴ $D_2 = \frac{24 \times 20}{40} = 12$ দিন।

91(a): $\sqrt{625} + \sqrt{6.25} + \sqrt{0.0625} = 25 + 2.5 + 0.25 = 27.75.$

94(d): $4 + 3 + 9 = \frac{16}{2} = 8$, $7 + 9 + 14 = \frac{30}{2} = 15$
$18 + 8 + 12 = \frac{38}{2} =$ [19]

95(a):
```
     __ __
     6700 | 81
     64
161 | 300
    | 161
      139
```
162 × 2 = 324
∴ (324 − 300) = 24 যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

96(a): $9\frac{1}{2} + \cfrac{1}{2 + \cfrac{2}{3 - \cfrac{3}{4 + \cfrac{4}{5}}}}$
$= \frac{19}{2} + \frac{1}{\frac{54}{19}} = \frac{19}{2} + \frac{19}{54} = \frac{19}{2} \times \frac{54}{19} = 27.$

98(b):


∴ 4 × x = 20, x = 5 ∴ ? স্থানে হবে = $5^2 = 25$.

99(b): 1 বার ঘুরলে চাকা অতিক্রম করে = $\frac{440}{1000}$ মিটার = $\frac{440 \times 100}{1000}$ সেন্টিমিটার
= 44 সেন্টিমিটার
শর্তানুসারে, 2πr = 44, $2 \times \frac{22}{7} \times r = 44$ ∴ r = 7 সেন্টিমিটার
ব্যাস = 2r = 2 × 7 = 14 সেন্টিমিটার = 0.14 মিটার।

100(c): প্রশ্নানুযায়ী (265 + 55) = 40%, 40% = 320
$100\% = \frac{320}{40} \times 100 = 800$ নম্বর।

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

## সাধারণ মানসিক দক্ষতা

*ছয়ের পাতার পর*

41. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত সংখ্যাটি নির্বাচন করুন:
64 — 68 — 52 — 88 — 24 — ?
(a) 124 (b) 121 (c) 132 (d) 144

42. নীচের ঘনকটিতে Black-এর বিপরীতে কী আছে?


(a) Green (b) Yellow (c) Red (d) White

43. নীচের তারিখ সারণির শূন্যস্থানে কোন বিকল্পটি বসবে?
21-12-2021, 28-12-2021 ____ 11-01-2022, 18-01-2022
(a) 02-01-2022 (b) 05-01-2022 (c) 04-01-2022 (d) 03-01-2022

### উত্তর

22(d), 23(b), 24(d), 25(d), 26(c), 27(b), 28(c), 29(d), 30(c), 31(d), 32(d), 33(b), 34(b), 35(c), 36(d), 37(c), 38(c), 39(c), 40(c), 41(a), 42(c), 43(c).

### সমাধান

22(d): দীনেশ > সুমন = রমেশ > অরুণ।

23(b): WORD, WALK, WIRE, WHEN.

24(d): প্রতিটি সেটের বিয়োগফল 9
কিন্তু (d) 551 − 543 = 8.

25(d): এখানে ইংরেজি বর্ণমালার সংখ্যার মানকে গুণ করা হয়েছে।
a × k = 1 × 11 = 11, b × k = 2 × 11 = 22
Similarly, e × k = 5 × 11 = 55.

26(c): ENGLAND
∴ শেষ অক্ষরটি হবে D.

27(b): বিপরীত দিকের সংখ্যা দু'টির যোগফল 78 হয়েছে।
46 + 32 = 78, 45 + 33 = 78, 47 + 31 = 78
Same as 42 + 36 = 78.

28(c):


∴ বিনয় ও রবীন এর মধ্যে দূরত্ব 400 মিটার।

29(d): প্রথম তিনটির ফিগারের ওপর ও নীচের ডটগুলির যোগফল 7। (d) ফিগারের যোগফল 5।

30(c): 3, 4, 5, 2, 1
3. Command 4. Comment 5. Commerce 2. Common 1. Communal

31(d): pa combcoad com op com lacoub com nokrte
∴ com শব্দটি 4 বার আছে।

32(d): ANYTHING = 2 : 6 = 2 vowels, 6 consonants
SOMETHING = 3 : 6 = 3 vowels, 6 consonants
EVERYTHING = 3 vowels : 7 consonants

33(b): ■
প্রথম দু'টি ঘনকের ওপরের প্রতীকটি একই আছে এবং পাশাপাশি বাঁদিক ঘুরে পরিবর্তন হয়েছে, তৃতীয় ঘনকটি উল্টে গিয়েছে, পাশাপাশি পরিবর্তন হয়নি। চতুর্থ ঘনকটির ওপরের প্রতীকটি একই আছে। কিন্তু পাশাপাশি ডানদিকে পরিবর্তন হয়েছে।

34(b): (27 − 11) + 1 = 17.

35(c): x y n z / x y n z / x y n z.

36(d): 10

37(c): এখানে পরের বর্ণটি কোড করা হয়েছে

| D | I | G | H | A | P | U | R | I | S | A | G | A | R |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| E | J | H | I | B | Q | V | S | J | T | B | H | B | S |

38(c): সোমার বয়স 30 বছর হলে সুমনার বয়সও 30 বছর হবে
অতএব, তার অর্ধেক হল জয়ার বয়স $30 \div \frac{1}{2} = 15$ বছর।

39(c): 
প্রতিটি ফিগারে চারটি লাইন দিয়ে তৈরি হয়েছে। (c) -এর ক্ষেত্রে পাঁচটি লাইন দিয়ে তৈরি হয়েছে।

40(c): 

41(a): 64 68 52 88 24 124
(+4 −16 +36 −64 +100)

42(c): Red

43(c): 04-01-2022
সাতদিন বা এক সপ্তাহের পার্থক্য আছে।

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল*

jobindiagroup.com

# কী পড়বেন, কোথায় পড়বেন

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি

বিভিন্ন বিদেশি এবং ভারতীয় ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স। কোর্স শুরু হবে ফেব্রুয়ারিতে।

**ভাষাগুলি হল**: বাংলা, হিন্দি, সংস্কৃত, ফরাসি, জার্মান, স্প্যানিশ, ইতালিয়ান, পর্তুগিজ, কোরিয়ান, জাপানিজ, চাইনিজ, ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ এবং লিঙ্গুইস্টিক্স। এর মধ্যে বাংলা, ফরাসি ও জাপানিজ ভাষায় অ্যাডভান্সড ডিপ্লোমা এবং ইতালিয়ান, পর্তুগিজ, চাইনিজ ও ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশে শুধু সার্টিফিকেট কোর্স করা যাবে। ইংলিশ কোর্সের মেয়াদ ৬ মাস। বাকি সবক'টি কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় অন্তত উচ্চমাধ্যমিক।

**কোর্স ফি**: সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে ৩,৬৪০ টাকা, ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,৮২০ টাকা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৫,৪১০ টাকা। ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের ক্ষেত্রে ফি ২,২৬০ টাকা।

বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৭ জানুয়ারি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in আবেদনের শেষ তারিখ ১০ ডিসেম্বর। ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের এম বি এ কোর্স

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে আই আই এস ডব্লু বি এম। কোর্সটি এ আই সি টি ই কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ক্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। আইন বা ইঞ্জিনিয়ারিং বা প্রফেশনাল স্নাতক কোর্স উত্তীর্ণরাও আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

**কোর্স ফি**: ৪,৯৫,০০০ টাকা।

ক্যাট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে। ইন্টারভিউ নেওয়া হবে মার্চে।

অনলাইন-অফলাইন উভয়ভাবেই আবেদন করা যাবে। অফলাইনে আবেদন করতে চাইলে আবেদনপত্র ডাউনলোড করে নেবে এই ওয়েবসাইট থেকে: https://www.iiswbm.edu অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকেও আবেদনপত্র সংগ্রহ করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iiswbm.edu সবক্ষেত্রেই আবেদনের শেষ তারিখ ২৪ ডিসেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট

অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (এ আই এম এ) পরিচালিত ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা ম্যাট পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বরে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে ১৯ ডিসেম্বর এবং ইন্টারনেট বেসড পরীক্ষা হবে ৪, ৫, ১১, ১২, ও ১৮ ডিসেম্বর। প্রার্থী যে-কোনও একটি পরীক্ষা দিতে পারেন, অথবা দু'টি পরীক্ষাই দিতে পারেন। দেশের প্রায় ৬০০টি বিজনেস স্কুলে ম্যাট স্কোরের ভিত্তিতে ম্যানেজমেন্ট ও সমতুল বিষয়ের কোর্সে ভর্তি নেওয়া হয়ে থাকে।

**শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা এই পরীক্ষায় বসতে পারেন। স্নাতকের সমাপ্তি বর্ষের ছাত্রছাত্রীরাও এই পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ২০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে: ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন, ম্যাথমেটিক্যাল স্কিলস, ডেটা অ্যানালিসিস অ্যান্ড সাফিশিয়েন্সি, ইন্টেলিজেন্স অ্যান্ড ক্রিটিক্যাল রিজনিং এবং ইন্ডিয়ান অ্যান্ড গ্লোবাল এনভায়রনমেন্ট। প্রতিটি বিষয়ে ৪০টি করে প্রশ্ন হবে। পরীক্ষার সময় ২ ঘণ্টা ৩০ মিনিট। দু'টি পর্যায়ে পরীক্ষা হবে– সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং বিকেল ৪টে থেকে সন্ধে সাড়ে ৬টা।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কম্পিউটার বেসড টেস্টের ক্ষেত্রে শুধু কলকাতা। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://mat.aima.in/dec21

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://mat.aima.in/dec21 প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ইন্টারনেট বেসড টেস্টের ক্ষেত্রে ১ ডিসেম্বর, (পরীক্ষা ৪ ডিসেম্বর), ২ ডিসেম্বর (পরীক্ষা ৫ ডিসেম্বর), ৮ ডিসেম্বর (পরীক্ষা ১১ ডিসেম্বর), ৯ ডিসেম্বর (পরীক্ষা ১২ ডিসেম্বর), ১৫ ডিসেম্বর (পরীক্ষা ১৮ ডিসেম্বর) এবং কম্পিউটার বেসড টেস্টের ক্ষেত্রে ১২ ডিসেম্বর (পরীক্ষা ১৯ ডিসেম্বর)। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

যাঁরা পেপার বেসড টেস্ট, কম্পিউটার বেসড টেস্ট এবং রিমোট প্রোক্টরড ইন্টারনেট বেসড টেস্টের মধ্যে যে-কোনও একটি পরীক্ষা দেবেন, তাঁদের ফি ১,৬৫০ টাকা এবং যাঁরা দু'টি পরীক্ষা দেবেন, তাঁদের ক্ষেত্রে ফি ২,৭৫০ টাকা। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.aima.in

## ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটির এম এড কোর্সে ভর্তি

ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিতে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে এম এড কোর্সে ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি। কোর্সটি রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত।

**আসনসংখ্যা**: ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা**: অন্তত ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিজে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে বি এড পাশ। অথবা বি এড, সঙ্গে ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিজে স্পেশ্যালাইজেশন-সহ ডি এল এড কোর্স পাশ। অথবা ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিজে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ। অথবা বি এ বা বি এসসি বা বি কম পাশ, সঙ্গে ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিজে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে বি এড কোর্স পাশ। এর পাশাপাশি, রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক অনুমোদিত বিশেষ চাহিদা-সম্পন্ন শিশুদের পড়ানো বা স্পেশ্যাল এডুকেশনে বি এড বা ডিপ্লোমা প্রোগ্রাম পড়ানোয় ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মনে রাখবেন সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রতিবন্ধী শিশুর পিতা-মাতা বা প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার। কোর্সের মেয়াদ আড়াই বছর। কোর্স ফি ৮৫,০০০ টাকা। প্রার্থীর অবশ্যই রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbnsou.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১০ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। ঠিকানা: School of Education, Netaji Subhas Open University, CF- 162, Salt Lake City, Sector I, Kolkata-700 064.






স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক**: অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক**: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in